


ট্রেন্ডিংয়ে ১ নম্বরে 'মাটির মেয়ে' দেখে দর্শকেরা কে কী বলছেন- পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৩ ঃ মেহেরপুর- মঙ্গলবার ১ জুলাই ২০২৫ ইং ঃ ১৭ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



## দ্বিকক্ষ সংসদে অধিকাংশ রাজনৈতিক দল নীতিগতভাবে একমত: আলী রীয়াজ

সূর্যোদয় ডেস্ক

দ্বিকক্ষ সংসদ গঠনের বিষয়ে দেশের অধিকাংশ রাজনৈতিক দল নীতিগতভাবে একমত হয়েছে বলে জানিয়েছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ। তবে এখনও কিছু দল এই প্রস্তাব নিয়ে সামান্য আপত্তি জানিয়ে যাচ্ছে। রবিবার (২৯ জুন) রাজধানীর ফরেন সার্ভিস অ্যাকাডেমিতে অনুষ্ঠিত দ্বিতীয় দফার সপ্তম দিনের সংলাপ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

আলী রীয়াজ বলেন, দ্বিকক্ষ সংসদ গঠনের বিষয়টি আলোচনায় এসেছে এবং অধিকাংশ দল তাতে নীতিগতভাবে একমত হয়েছে। তবে কিছু দল এখনও পুরোপুরি সম্মতি দেয়নি। তাদেরকে আমরা পুনর্বিবেচনার অনুরোধ জানিয়েছি। এদিন সংলাপে

২-এর পৃষ্ঠা দেখুন

### মনোনয়ন না, তবুও উদযাপন-বিরোধিতা

# মেহেরপুর বিএনপিতে উত্তেজনা

**মেহেরপুর-১ আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থী তালিকায় জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নাম উঠে আসায় দলীয় অঙ্গনে চরম মতবিরোধ ও বিভ্রান্তি তৈরি হয়েছে। সম্প্রতি একটি জাতীয় অনলাইন পোর্টাল 'বার্তা২৪' দেশের ৬৪ জেলায় বিএনপির পক্ষ থেকে ১০০ তরুণ নেতার সম্ভাব্য মনোনয়নপ্রাপ্তদের তালিকা প্রকাশ করে। সেখানে মেহেরপুর-১ আসনের জন্য অ্যাডভোকেট কামরুল হাসানের নাম প্রকাশিত হলে তা নিয়ে জেলা বিএনপির অভ্যন্তরে শুরু হয় দ্বন্দ্ব, বিবৃতি পাল্টা বিবৃতি, সামাজিক যোগাযোগ মাধ্যমে সমর্থন ও বিরোধিতার ঝড়।**

এমবি হক, মেহেরপুরঃ

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থী তালিকায় জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নাম উঠে আসায় দলীয় অঙ্গনে চরম মতবিরোধ ও বিভ্রান্তি তৈরি হয়েছে। সম্প্রতি একটি জাতীয় অনলাইন পোর্টাল 'বার্তা২৪' দেশের ৬৪ জেলায় বিএনপির পক্ষ থেকে ১০০ তরুণ নেতার সম্ভাব্য মনোনয়নপ্রাপ্তদের তালিকা প্রকাশ করে। সেখানে মেহেরপুর-১ আসনের জন্য অ্যাডভোকেট কামরুল হাসানের নাম প্রকাশিত হলে তা নিয়ে জেলা বিএনপির অভ্যন্তরে শুরু হয় দ্বন্দ্ব, বিবৃতি পাল্টা বিবৃতি, সামাজিক যোগাযোগ মাধ্যমে সমর্থন ও বিরোধিতার ঝড়।

তালিকা প্রকাশের পরপরই দুইটি স্পষ্ট গ্রুপ পরস্পরবিরোধী অবস্থান নেয়। একপক্ষ কামরুল হাসানকে স্বাগত জানিয়ে এই তালিকাকে কেন্দ্রীয়ভাবে অনুমোদিত বলে দাবি করছে। অপর পক্ষ বলছে, এটি বিভ্রান্তিকর, প্রমাণবিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিত।

জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন বলেন, "আমি কেন্দ্রীয় বিএনপির পক্ষ থেকে এ বিষয়ে কোনো দিকনির্দেশনা পাইনি। তাই এই তালিকা নিয়ে মন্তব্য করাটা অনুচিত বলে মনে করছি।"

অন্যদিকে, মেহেরপুর জেলা বিএপির যুগ্ম আহবায়ক জাহাঙ্গির বিশ্বাস বলেন, গ্রামিন বাংলায় একটা প্রবাদ আছে " গাছে কাঠাল গোপে তেল " । ৫ই আগষ্ট একটি রক্তাক্ত গণ অভ্যুথানের মধ্যে দিয়ে পরিবর্তন এসেছে। এয় পরিবর্তনের কারনে আমরা একটা দ্রুত জাতীয় নির্বাচনের দাবী করছি। বর্তমান বাস্তবতা হচ্ছে আগামি জাতীয় নির্বাচনের যে অনিশ্চয়তার মেঘ সে মেঘ এখোনো কাটেনি। বর্তমান সরকারের সংস্কার কাজের গতি পায়নি । ৫ তারিখের আগে বিএনপিসহ বিভিন্ন দল শেখ হাসিনার পতনের জন্য যে ঐক্যবদ্ধ ছিলাম। সেই দলগুলোর মধ্যে এখন চরম বিভাজন। আমাদের মধ্যেও ঐক্য নায় । জাতীয় নির্বাচন একটি অনিশ্চয়তার মধ্যে আছে। কেন্দ্রীয়ভাবে এখনও মনোনয়ন নিয়ে কোনো আলোচনা হয়নি। নির্বাচনের সময় ও প্রক্রিয়া নির্ধারণের পরই এ বিষয়ে সিদ্ধান্ত হবে। তাই এখন এই ধরণের গুজব ছড়ানো অনুচিত।

তালিকায় কামরুল হাসানের নাম আসায় তাকে সমর্থন জানিয়ে জেলা ও উপজেলার বিভিন্ন অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা ইতিমধ্যে প্রকাশ্য বিবৃতি দিয়েছেন।

২-এর পৃষ্ঠা দেখুন





# মেহেরপুরে নারী হত্যা ও ধর্ষণের দুই মামলায় দুইজনের যাবজ্জীবন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে নারী হত্যা ও কিশোরী ধর্ষণের দুইটি পৃথক মামলায় দুই ব্যক্তিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সোমবার (৩০ জুন) দুপুরে জেলার দুটি আদালতে এই রায় ঘোষণা করা হয়।

একদিকে একজন নারী স্বামীর হাতে খুন হয়েছেন, অন্যদিকে প্রেম ও বিয়ের প্রলোভনে পড়ে ধর্ষণের শিকার হয়েছে এক কিশোরী। তবে শেষ পর্যন্ত আইনের শাসন প্রতিষ্ঠা হয়েছেড়এই দুই ঘটনায় আদালতের রায়ে মিলেছে ন্যায়বিচার।

কিশোরী ধর্ষণে স্বপন আলীর দণ্ড : বিয়ের প্রলোভন দেখিয়ে ৯ম শ্রেণীর মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থীকে জোরপূর্বক ধর্ষণের অভিযোগে মেহেরপুরের গাংনী উপজেলার মোহাম্মদপুর কেলাপাড়া গ্রামের মো. স্বপন আলীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ২ লাখ টাকা অর্থদন্ড রায় দিয়েছেন মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক জজ মো. তহিদুল ইসলাম। সোমবার (৩০ জুন) দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতের বিচারক এই রায় ঘোষণা করেন।

রায়ে বলা হয়, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ৯(১) ধারায় স্বপন আলীর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। আইন অনুযায়ী, এ ধারায় সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডের বিধান রয়েছে। বিচারক আসামির বয়স, অপরাধের প্রকৃতি ও আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় তাকে যাবজ্জীবন কারাদণ্ড ও অর্থদণ্ডে দণ্ডিত করেন।

আদালত আরও আদেশ দেন, আরোপিত দুই লক্ষ টাকার অর্থদণ্ড ক্ষতিপূরণ হিসেবে ভিকটিমকে প্রদান করতে হবে। যদি আসামির বর্তমান সম্পদ থেকে অর্থ আদায় সম্ভব না হয়, তবে ভবিষ্যতে অর্জিত সম্পদ থেকে তা আদায় করা হবে। নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ১৬ ধারা অনুযায়ী, জেলা কালেক্টরকে নির্দেশ দেওয়া হয়েছেড় আসামির স্থাবর বা অস্থাবর সম্পদ নিলামে বিক্রি

২-এর পৃষ্ঠা দেখুন



## মেসিকে হারানোর পর জার্সি, বুট, শর্টস সবই নিয়ে গেলেন দেম্বেলে

সূর্যোদয় ডেস্ক

ক্লাব বিশ্বকাপের শেষ ষোলোর ম্যাচে ইউরোপ চ্যাম্পিয়ন পিএসজির বিপক্ষে মাঠে নেমেছিল লিওনেল মেসির ইন্টার মায়ামি। তবে মাঠের পারফরম্যান্সে মায়ামি ছিল পুরোপুরি নিষ্প্রভ। ৪/০ গোলে পরাজয়ের মধ্য দিয়ে মেসির দল বিদায় নেয় প্রতিযোগিতা থেকে। প্রথমার্ধে একেবারে নিষ্প্রভ থাকলেও দ্বিতীয়ার্ধে কিছুটা জ্বলে ওঠেন মেসি, কিন্তু তা দলকে ম্যাচে ফেরাতে যথেষ্ট ছিল না।

তবে মাঠে হারলেও ম্যাচ শেষে আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিলেন লিওনেল মেসি। সাবেক ক্লাব পিএসজির বিপক্ষে খেলার সুবাদে পুরনো সতীর্থদের সঙ্গে দেখা হয় আর্জেন্টাইন মহাতারকার। ড্রেসিংরুম থেকে শুরু করে মাঠ সর্বত্রই ছিল এক আবেগঘন পরিবেশ।

ম্যাচ শেষে মেসির সঙ্গে দেখা করতে এগিয়ে আসেন জিয়ানলুইজি দোন্নারুম্মা, খিচা কাভারাস্কেইয়া, লুকাস এরনান্দেজ, ভিতিনিয়া, মারকিনিওস ও আশরাফ হাকিমি। তবে সবার চেয়ে ব্যতিক্রম ছিলেন উসমান দেম্বেলে। সাবেক সতীর্থ মেসির সঙ্গে সাক্ষাতের পর শুধু হাত মেলাতেই থেমে থাকেননি তিনি মেসির কাছ থেকে সংগ্রহ করেছেন তাঁর ১০ নম্বর জার্সি, শর্টস ও বুট পর্যন্ত।

২-এর পৃষ্ঠা দেখুন



সড়কে রক্ত, ঘরে কান্না

# মেহেরপুরে অস্বাভাবিক মৃত্যু বাড়ছে

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে আশঙ্কাজনকভাবে বেড়েছে অস্বাভাবিক মৃত্যুর সংখ্যা। চলতি বছরের জানুয়ারি থেকে ২৭ জুন পর্যন্ত বিভিন্ন ঘটনায় প্রাণ হারিয়েছেন অন্তত ৮৫ জন। শুধু চলতি জুন মাসেই সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন ১০ জন। বিষয়টি নিয়ে উদ্বিগ্ন স্থানীয় প্রশাসন ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা।

পরিসংখ্যান বলছে, গত সাড়ে পাঁচ মাসে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৫৫ জন। এর মধ্যে উল্লেখযোগ্য দুটি ঘটনা হলো গত ৬ মে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের শুকুরকান্দি এলাকায় এক দুর্ঘটনায় একসাথে তিনজনের মৃত্যু এবং ৩০ মার্চ একই সড়কে বিটিসি মোড়ে প্রাইভেটকারের ধাক্কায় এনআরবিসি ব্যাংকের কর্মকর্তা আক্তারুজ্জামান, আল ইমরান ও শিশু জুবায়েরের মৃত্যু। ওই ঘটনায় নিহতের পরিবার চালক সাজ্জাদ হোসেন পলাশের বিরুদ্ধে হত্যা মামলা করেছে।

এ ছাড়া, সাড়ে পাঁচ মাসে পানিতে ডুবে মারা গেছেন ৭ জন, পারিবারিক সহিংসতায় নিহত ৮ জন, ভবন ধসে ১ জন এবং আত্মহত্যা করেছেন ২০ জন। প্রতিটি ঘটনাই নতুন করে প্রশ্ন তুলছে নাগরিক নিরাপত্তা, সড়ক শৃঙ্খলা ও সামাজিক স্থিতিশীলতা নিয়ে।

জেলা স্বাস্থ্য বিভাগের তথ্যমতে, জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত অস্বাভাবিক মৃত্যুর সংখ্যা ছিল ৪৫ ।এর মধ্যে মে মাসে নিহতের সংখ্যা ১৫ জন, আর জুন মাসের প্রাণ হারিয়েছেন ১০ জন। সুজনের কন্যা শিশু এডভোকেসি ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম বলেন, "মেহেরপুর-কুষ্টিয়া সড়কে গত ২৭ দিনে ১০ জনের মৃত্যু হয়েছে। এটি একেবারেই অপ্রত্যাশিত। কিশোরদের হাতে দামি গাড়ি তুলে দেওয়া এবং ট্রাফিক নিয়ম সম্পর্কে অজ্ঞতাই এই দুর্ঘটনার বড় কারণ। প্রশাসনের আরও সতর্ক হওয়া দরকার।" প্রভাষক হারুনুর রশিদ রবি বলেন, "এই মৃত্যুর পেছনে রয়েছে তরুণদের বেপরোয়া চালনা, মানসিক চাপ, হতাশা, অর্থনৈতিক সংকট ও সামাজিক অবক্ষয়।" গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডা. ফারুক হোসেন বলেন, "গত জানুয়ারি থেকে জুন পর্যন্ত অস্বাভাবিক মৃত্যুর সংখ্যা প্রায় ৮৫। এ অবস্থার পরিবর্তনে চাই সামাজিক সচেতনতা ও কার্যকর ব্যবস্থা।" মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম বলেন, "বিষয়টি জেলা আইন-শৃঙ্খলা সভায় উপস্থাপন করা হয়েছে। এটি সম্মিলিত সমস্যা। বিআরটিএ, সড়ক বিভাগ, জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন সবাইকে এ নিয়ে সমন্বিতভাবে কাজ করতে হবে।"

তিনি আরও বলেন, "ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট

২-এর পৃষ্ঠা দেখুন

## সার্কের বিকল্প নতুন জোট গড়ছে চীন-পাকিস্তান যুক্ত বাংলাদেশও

সূর্যদয় ডেস্ক

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক)-এর স্থবিরতার প্রেক্ষাপটে একটি নতুন আঞ্চলিক জোট গঠনের উদ্যোগ নিয়েছে চীন ও পাকিস্তান। কূটনৈতিক সূত্রে জানা গেছে, এই সম্ভাব্য জোটে বাংলাদেশও সম্পৃক্ত হয়েছে। সম্প্রতি চীনের কুনমিং শহরে অনুষ্ঠিত এক ত্রিপাক্ষিক বৈঠকে চীন, পাকিস্তান ও বাংলাদেশের শীর্ষ কূটনীতিকরা এই বিষয়ে আলোচনা করেন। পাকিস্তানি সংবাদমাধ্যম 'এক্সপ্রেস ট্রিবিউন' জানায়, দক্ষিণ এশিয়ায় বাণিজ্য ও যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে অবৈধ অনুপ্রবেশের দায়ে ভারতীয় নারী আটক

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে অবৈধভাবে সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের চেষ্টাকালে এক ভারতীয় নারীকে আটক করেছে বিজিবি। রোববার দিবাগত রাত ১০টার দিকে সীমান্ত পিলার-৬০/১০৫ সংলগ্ন এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

মহেশপুর ৫৮ বিজিবি ব্যাটেলিয়নের সহকারী পরিচালক ও ভারপ্রাপ্ত কোয়ার্টার মাস্টার মুন্সী ইমদাদুর রহমান সোমবার (৩০ জুন) পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানান।

আটক ব্যক্তির নাম ফাল্গুনী রায় (২৮), তিনি ভারতের নদীয়া জেলার বনগাঁ থানার আরশিংড়ী গ্রামের মৃত বিশ্বনাথ রায়ের মেয়ে।

বিজিবি জানায়, ফাল্গুনী রায় দুই বছর আগে যশোর সীমান্ত দিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



# ১৩ বছরের কাসাবের রকেট জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রামে জন্ম নিয়েছে এক বিস্ময়বালক আল কাসাব। মাত্র ১৩ বছর বয়সেই সে উদ্ভাবন করেছে এমন একটি যন্ত্র, যা আকাশে থাকা রকেটের গতিপথ সনাক্ত করে তাৎক্ষণিকভাবে নির্দিষ্ট ডেটা সেন্টারে তথ্য প্রেরণ করতে সক্ষম। এই যন্ত্রের মাধ্যমে শুধুমাত্র রকেট নয়, দেশের আকাশসীমায় থাকা যে কোনো অজ্ঞাত উড়ন্ত বস্তু, শত্রুপক্ষের ড্রোন, যুদ্ধবিমান কিংবা হেলিকপ্টারও শনাক্ত করা সম্ভব বলে দাবি করছে এই ক্ষুদে বিজ্ঞানী।

শুধু তাই নয়, তার তৈরি যন্ত্র প্রয়োজনে এই বস্তুগুলো ধ্বংসের নির্দেশও পাঠাতে সক্ষম। স্থানীয় পর্যায়ে আয়োজিত বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় অংশ নিয়ে এই উদ্ভাবনের জন্য প্রথম স্থান অর্জন করেছে কাসাব। তার এই অসাধারণ সাফল্য গোটা মেহেরপুর জেলাব্যাপী আলোড়ন সৃষ্টি করেছে।

সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির ছাত্র কাসাব প্রযুক্তি প্রেমী এক বিস্ময় প্রতিভা। ছোটবেলা থেকেই তার স্বপ্ন মহাকাশ নিয়ে। কোনো প্রতিষ্ঠান বা প্রশিক্ষকের কাছে না গিয়ে শুধুমাত্র ইউটিউব, বই ও ইন্টারনেটের সাহায্যে সে শেখে প্রোগ্রামিং ও যন্ত্র নির্মাণ।

তার দাবি, "কেউ আমাকে শেখায়নি। আমার কৌতূহল আর ইচ্ছাশক্তিই আমার শিক্ষক। আমি নিজেই যন্ত্র বানাই, নিজেই পরীক্ষা করি।"

আল কাসাব শুধুমাত্র রকেট শনাক্তকরণ যন্ত্রেই থেমে থাকেনি। তার ঝুলিতে রয়েছে আরও বিস্ময়কর উদ্ভাবন।

চন্দ্রপৃষ্ঠ থেকে তথ্য প্রেরণকারী রোভার 'রেডিও কমিউনিকেশন' প্রযুক্তির মাধ্যমে এ রোভার চাঁদের মাটি ও তলের অবস্থা পর্যবেক্ষণ করে পৃথিবীর ডেটা সেন্টারে পাঠাতে পারে তথ্য। রোভারটি সম্পূর্ণ নিজের কোডিংয়ে প্রোগ্রাম করা। ১৮০ ডিগ্রি নাইট ভিশন ক্যামেরা এই ক্যামেরা চাঁদে স্থাপিত "কিউরিসিক-ওয়ান" রোবটের সঙ্গে সংযুক্ত থেকে পৃথিবীতে সংকেত পাঠাতে সক্ষম। স্বয়ংক্রিয় নজরদারি যন্ত্র যা সেনাবাহিনীর সীমান্ত নজরদারিতে ব্যবহারযোগ্য হতে পারে। আল কাসাবের বাবা মোসাদ্দেক হোসেন একজন সাধারণ কৃষক। তিনি জানান, "অর্থনৈতিক সংকট থাকলেও কখনও ছেলের আগ্রহকে দমিয়ে রাখিনি। হয়তো সব কিছু দিতে পারিনি, তবে চেষ্টা করেছি যেন সে থেমে না যায়। এখন চাই, সরকার তার পাশে দাঁড়াক।"

আল কাসাব নিজেই কম্পিউটার প্রোগ্রামিংয়ের দুনিয়ায় প্রবেশ করেছে প্রাথমিক বিদ্যালয়ে পড়াকালীন সময়ে। পাইথন, জাভা স্ক্রিপ্ট, সি++, এমনকি কৃত্রিম বুদ্ধিমত্তার প্রাথমিক ধাপও সে ইতোমধ্যে শিখে ফেলেছে।

সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন



গাংনীতে দুই কমিউনিটি ক্লিনিক ভবনের বেহাল দশা, আতঙ্কে রোগী-স্বাস্থ্যকর্মী

## সাপের খোলস, ফাটল ধরা দেয়ালড় ঝুঁকির মধ্যেই চলছে চিকিৎসা সেবা

নিজস্ব প্রতিবেদক

গ্রামীণ জনপদের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে গড়ে ওঠা কমিউনিটি ক্লিনিক এখন অনেক জায়গায় রীতিমতো আতঙ্কের নাম। মেহেরপুরের গাংনী ২-এর পৃষ্ঠা দেখুন



গাংনীতে আইন-শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা

## সীমান্ত এলাকায় চোরাচালান রোধে জোরালো ও সমন্বিত উদ্যোগের তাগিদ

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং সীমান্তবর্তী এলাকায় চোরাচালান প্রতিরোধে গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা ও নতুন করণীয় নির্ধারণে অনুষ্ঠিত হয়েছে আইন-শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির গুরুত্বপূর্ণ সভা।

২-এর পৃষ্ঠা দেখুন

# গাংনীতে প্রতিদিন দুর্ঘটনার আশঙ্কা নিয়ে পথ চলা

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌর এলাকার সড়কজুড়ে দেখা যাচ্ছে এক অস্বাভাবিক দৃশ্য। সাধারণ মানুষের চলাচলের জন্য নির্মিত রাস্তা যেন দখলে নিচ্ছে করাতকল মালিক ও কিছু অসচেতন ব্যক্তি। কারও রাস্তার ওপর কাঠের স্তূপ, কেউ বা রাস্তার পিচঢালা জায়গায় ছড়িয়ে দিচ্ছেন খড়, আবার কেউ রাস্তার পাশেই রেখে যাচ্ছেন ভাঙারি সামগ্রী, টিনের বস্তা কিংবা গরুর গোবর। এইসব সামগ্রী দীর্ঘ সময় রাস্তার ওপর পড়ে থাকায় পথচারী ও যানবাহনের জন্য সৃষ্টি হচ্ছে চরম ঝুঁকি। বিশেষ করে বৃষ্টির সময় এই বিপদ আরও বাড়ে। রাস্তা হয়ে পড়ে পিচ্ছিল, নিয়ন্ত্রণ হারিয়ে ঘটছে ছোট-বড় দুর্ঘটনা।

২-এর পৃষ্ঠা দেখুন



অনুবাক্য

### রেকর্ড গড়লো মেহেরপুর চীপ আদালত

মামুনুর রশিদ মামুন

একটি মামলায় বিচার পেতে  
দশটি বছর লাগতো  
সাক্ষী এলেও ফিরিয়ে দিত  
উকিল বাবুরা তা জানতো।  
দিনের হাওয়া বদলে গেছে  
বদলে যাচ্ছে দিন  
চীপ আদালত করলো রেকর্ড  
চলছে কলমের বীন।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ১৭ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১ জুলাই ২০২৫ইং

# মুজিবনগরে করোনা পরীক্ষার কিট সংকট

## স্বাস্থ্যসেবা ভেঙে পড়ার উপক্রম




নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভয়াবহ রকমের করোনা পরীক্ষার কিট সংকট দেখা দিয়েছে। প্রায় এক সপ্তাহ ধরে একটিও কিট মজুদ না থাকায় উপসর্গ থাকা রোগীদের নমুনা সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। এতে চিকিৎসাসেবা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সাধারণ মানুষের মধ্যে তৈরি হয়েছে চরম উদ্বেগ ও আতঙ্ক।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, প্রতিদিনই জ্বর, কাশি, সর্দি ও শ্বাসকষ্ট নিয়ে বহু রোগী আসছেন, কিন্তু পরীক্ষার অভাবে তাঁদের ফিরিয়ে দিতে হচ্ছে। অনেক সময় রোগীকে আলাদা রাখা হলেও পরীক্ষার ব্যবস্থা না থাকায় যথাযথ চিকিৎসা নিশ্চিত করা যাচ্ছে না। এতে চিকিৎসা পদ্ধতি যেমন জটিল হয়ে উঠছে, তেমনি সংক্রমণ ছড়িয়ে পড়ার আশঙ্কাও বাড়ছে।

গোপালনগর গ্রামের ৬২ বছরের বৃদ্ধ জয়নাল মণ্ডল বলেন, “তিন দিন ধরে জ্বর-কাশি হচ্ছে। ছেলে মোটরসাইকেলে করে হাসপাতালে আনল, কিন্তু ডাক্তার বললেন কিট নেই, পরীক্ষা

২-এর পৃষ্ঠা দেখুন



# প্লান্টার ফাসাইটিস কী

আমাদের সূর্যোদয় ডেস্ক

প্লাটার ফাসিয়া হল পায়ের পাতার নিচে অবস্থিত এক ধরণের মোটা ব্যান্ড বা পর্দা যার মাধ্যমে গোড়ালির হাড় পায়ের পাতার অন্যান্য অংশের সাথে সংযুক্ত থাকে। সেই ব্যান্ডটি ক্ষতিগ্রস্থ হলে বা প্রদাহ হলে তাকে বলে প্লান্টার ফাসাইটিস।

লক্ষণ ও উপসর্গ :

পায়ের গোড়ালীতে ব্যাথা, সকালে ঘুম থেকে উঠে মেঝেতে পা ফেলতে পারছেন না ব্যাথায়। পায়ের পাতার উপর ভর করে দাঁড়ালে মনে হয় যেন কাটা বিধে। পায়ের নিচের দিকে গোড়ালিতে মূলত ব্যাথা বেশি হয়। কিছু কদম কষ্ট করে হাঁটার পর ব্যথাটা কমে আসে। হাঁটাচলা, দৌড়ানো বা সিড়ি দিয়ে উঠার সময় ব্যাথাটা বেড়ে যেতে পারে।

কেন হয়

১. অধিকাংশ ক্ষেত্রে এ ধরণের ব্যাথার কোন কারণ থাকে না।

২. তবে হাঁটতে গিয়ে, দৌড়াতে গিয়ে বা খেলাধুলার সময় হঠাৎ ব্যাথা লেগে এমনটা হতে পারে।

৩. উচ্চতার তুলনার ওজন বেশি হলে

৪. দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলে

৫. দীর্ঘক্ষণ উঁচু হিল দেয়া জুতো পরে থাকলে

৬. অতিরিক্ত দৌড়ানোর ফলে হয়

৭. গোড়ালির হাড় বেড়ে গিয়ে হয় (ক্যালকেনিয়াল স্পার)

এছাড়া আর্থ্রাইটিস এবং ডায়াবেটিস এ রোগের

২-এর পৃষ্ঠা দেখুন

## একটি নিঃসঙ্গ মৃত্যুপ্রহর ও দলহীন নিরবতা গাংনীর সোনা সরদার আজ উপেক্ষিত

রাব্বি আহমেদ



এক সময় যিনি ছিলেন গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের প্রখর স্বর, বিএনপির এক অটল যোদ্ধা, আজ তিনি নিঃসঙ্গ, পরিত্যক্ত। বার্ধক্যজনিত রোগে ভুগে ভুগে বিছানায় পড়ে আছেন চার বছর ধরে। এক সময় রাজপথ কাঁপানো সেই নেতার পাশে এখন শুধুই নীরবতা, পরিবার আর কিছু দুঃখ ভারাক্রান্ত স্মৃতি।

দলের প্রতিটি ডাকে সাড়া দিয়েছেন, হামলা-মামলা মাথায় নিয়েও পিছু হটেননি। অসংখ্য কর্মসূচিতে ছিলেন সামনে। অথচ আজ, মৃত্যুশয্যায় শুয়ে থাকা এই নিবেদিত প্রাণ নেতার খোঁজ নিতে আসেননি বিএনপির কোনো শীর্ষস্থানীয় নেতা বা সংগঠনের প্রতিনিধি। যেন তার অস্তিত্ব শুধু অতীতের ফ্রেমবন্দি হয়ে গেছে। বিএনপির রাজনৈতিক সহযোদ্ধা ফরমান আলী জানান, ২০২৩ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের দিন তিনি অসুস্থ শরীর নিয়েই ৬ আগস্টের আনন্দ মিছিলে হাজির হন। এটাই ছিল তার শেষ রাজপথে থাকা। এরপর ধীরে ধীরে থেমে যায় শরীর, ভেঙে পড়ে জীবন। কিন্তু তাকে দেখতে আসেনি কেউ। এটা

২-এর পৃষ্ঠা দেখুন



## মহেশপুরে প্লাস্টিকের বস্তায় চাল বাজারজাত, রাইস মিলকে জরিমানা

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের মহেশপুরে প্লাস্টিকের বস্তায় চাল বাজারজাত করার অভিযোগে মেসার্স হেলাল এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ অ্যান্ড অটো রাইচ প্রসেসিং মিলসকে ৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার সকালে উপজেলার রোড এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাদিজা আক্তার। তিনি বলেন, “সরকারি নির্দেশনা অনুযায়ী চাল

২-এর পৃষ্ঠা দেখুন

## আজ ব্যাংকে লেনদেন বন্ধ থাকবে

নিজস্ব প্রতিবেদক

ব্যাংক হলিডে উপলক্ষে আজ মঙ্গলবার (১ জুলাই) দেশের সকল ব্যাংকে লেনদেন বন্ধ থাকবে। এদিন বন্ধ থাকবে শেয়ারবাজারের লেনদেনও।

বাংলাদেশ ব্যাংকের সূত্র জানিয়েছে, প্রতিবছর ১ জুলাই দেশের ব্যাংকখাতে ‘অর্ধবার্ষিক সমাপনী’ হিসেবে বিবেচিত হয়। এ সময় ব্যাংকগুলো ছয় মাসের হিসাব-নিকাশ মিলিয়ে অর্ধবার্ষিক আর্থিক প্রতিবেদন তৈরি করে। এই কাজের সুবিধার্থে দিনটি ব্যাংক হলিডে হিসেবে পালন করা হয়।

এদিন কোনো ব্যাংক শাখা থেকে টাকা জমা বা উত্তোলন, চেক নিষ্পত্তি, ডিমান্ড ড্রাফট, পে

২-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় সড়ক নিরাপত্তা নিয়ে শিক্ষার্থীদের আলোচনা সভা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

‘ছাত্র-জনতার অঙ্গীকার, নিরাপদ সড়ক হোক সবার’ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গায় সড়ক নিরাপত্তা বিষয়ে শিক্ষার্থীদের নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার দুপুরে চুয়াডাঙ্গা শহরতলির দৌলতদিয়াড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) চুয়াডাঙ্গা সার্কেলের আয়োজনে সভাটি অনুষ্ঠিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে জুলাই সনদের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

ঝিনাইদহ প্রতিনিধি

৩০ জুন, ঝিনাইদহ জুলাই গণ-অভ্যুত্থানের ঘোষণাপত্র বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। আজ সোমবার বেলা সাড়ে ১১টায় কেন্দ্রীয় শহিদ মিনার চত্বর থেকে মিছিল শুরু হয়।

শিক্ষার্থীরা শহরের কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরে একত্রিত হয়ে মিছিলের প্রস্তুতি নেয়। মিছিলের নেতৃত্ব দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের

৩-এর পৃষ্ঠা দেখুন

### আবু সাঈদ হত্যা মামলা

## ২৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

নিজস্ব প্রতিবেদক

জুলাই অভ্যুত্থানে রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাইদ হত্যা মামলার অভিযোগ আমলে নিয়ে ২৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। গতকাল সোমবার (৩০ জুন) দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ আদেশ দেয়। এর আগে, এ মামলায় ৩০ জনকে আসামি করে

৩-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে দুর্নীতি বিরোধী বাই-সাইকেল র‍্যালী

ঝিনাইদহ প্রতিনিধি

দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহে একটি বাই-সাইকেল র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে শহরের আজাদ রেস্ট হাউজের সামনে থেকে ইয়েস গ্রুপের আয়োজনে র‍্যালীটি শুরু হয়। এতে বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। র‍্যালীটি শহরের পায়রা চত্বর, হামদহ এলাকা, আরাপপুর হয়ে পোস্ট অফিস মোড়ে এসে সমাপ্ত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সনাকের সভাপতি এম সাইফুল মাবুদ। এছাড়াও উপস্থিত ছিলেন সনাকের সদস্য এন এম শাহজালাল, নাসরিন ইসলাম ও অন্যান্য ব্যক্তিবর্গ।

### রোগীরা কাঁদে, খাবার আসে নামমাত্র

## মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে পুষ্টিহীনতার করুণ চিত্র

মেহেরপুর প্রতিনিধি

শরীরে অসুখ, বুকে চাপা কান্না, চোখে শুকনো দৃষ্টি এসব দৃশ্য আজ মেহেরপুরের মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিটি ওয়ার্ডে। এখানকার রোগীরা শুধু রোগে আক্রান্ত নন, তারা আক্রান্ত দুর্নীতি, অবহেলা ও অমানবিকতার এক দীর্ঘসুত্রতায়। সরকারি বরাদ্দের খাবার তাদের দেহে না গিয়ে যেন হারিয়ে যায় রাজনৈতিক প্রভাব আর লোভের অন্ধকার গলিতে।

সরকারি নিয়ম অনুযায়ী, রোগীদের পুষ্টিকর খাবার সরবরাহ করা কথা। সপ্তাহে রুই মাছ, দেশি মুরগি, সিলভার কাপ মাছ, খাসির মাংস, ডিম, ডাল ও সবজি থাকার কথা খাদ্যতালিকায়। কিন্তু বাস্তবে কি পাচ্ছেন তারা? প্রতিদিন যে মাছ বা মাংস দেওয়া হচ্ছে, তা বরাদ্দের অর্ধেকও নয় ৪৫ থেকে ৫০ গ্রাম মাত্র। ডিম দুইটি বরাদ্দ থাকলেও বাস্তবে মেলে

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাইকে কেন্দ্র করে কোনও ধরনের হুমকি নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

জুলাই আন্দোলনের বিভিন্ন অনুষ্ঠানকে কেন্দ্র করে কোনও ধরনের সন্ত্রাসী হুমকি নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, ‘জুলাইয়ে সরকার, বিভিন্ন দল ও সংগঠনের অনুষ্ঠান থাকবে। সেসব অনুষ্ঠান যাতে নির্বিঘ্নে হতে পারে সেসব বিষয়ে আলোচনা হয়েছে।’


২-এর পৃষ্ঠা দেখুন

## আরও ২১ জনের করোনা শনাক্ত

নিজস্ব প্রতিবেদক

দেশে গত ২৪ ঘণ্টায় ৩৮৪টি নমুনা পরীক্ষা করে ২১ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত


৩-এর পৃষ্ঠা দেখুন




প্রযুক্তি

## স্মার্টফোনকে লোকেশন ট্র্যাকিং থেকে রক্ষার উপায়

আমাদের সূর্যোদয় ডেস্ক



কোনো রেস্টুরেন্ট খুঁজতে ম্যাপের অ্যাপ ব্যবহার বা অনলাইনে কেনাকাটা বা চেকিংয়ে অনিচ্ছা সত্ত্বেও আমরা নিজের অবস্থান ট্র্যাকিং এবং সে তথ্য অন্যদের সঙ্গে শেয়ার করার জন্য স্মার্টফোনকে অনুমতি দিয়ে থাকি। তারা সাধারণত স্মার্টফোনের সিগন্যাল ব্যবহার করে আমাদের অবস্থান নির্ধারণ করে। যেমন : সেল টাওয়ারের পিং, ওয়াই-ফাই, ব্লুটুথ ও জিপিএস ইত্যাদি। কিন্তু অনেক সময় আদতে ট্র্যাকিংয়ের প্রয়োজন নেই এবং সেই তথ্য অ্যাপ, বিজ্ঞাপনদাতা বা এমনকি হ্যাকারদের হাতেও পড়তে পারে।

কিপার সিকিউরিটির : সিইও ড্যারেন গুচিওনে বলেন, ‘ফিটনেস ট্র্যাকিং থেকে শুরু করে নেভিগেশন পর্যন্ত, প্রতিটি লোকেশন পিং আমাদের রুটিন এবং চলাফেরার তথ্য প্রকাশ করতে পারে, যা ভুল হাতে পড়লে বিপজ্জনক হতে পারে। লোকেশন ট্র্যাকিং শুধু প্রয়োজনে চালু করা উচিত, যেমন : দিক-নির্দেশ, জরুরি অবস্থা অথবা বিশ্বাসযোগ্য কারও সঙ্গে শেয়ার এবং কাজ শেষে লোকেশন ট্যাকার অবশ্যই বন্ধ করে দেওয়া উচিত।’

বিশেষজ্ঞরা সতর্ক করে বলেছেন যে, লোকেশন ডেটা গর্ভপাত ক্লিনিকে যাওয়া লোকদের ট্র্যাকিং

৩-এর পৃষ্ঠা দেখুন

## আলোচনার জন্য যুক্তরাষ্ট্রকে শর্ত দিল ইরান

সূর্যদয় ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করতে আগ্রহ দেখালেও তেহরান স্পষ্টভাবে জানিয়েছেড়কোনো পূর্বশর্ত ছাড়া বা নিরাপত্তা নিশ্চয়তা ব্যতীত ইরান আলোচনায় বসবে না। দেশটির উপ-পররাষ্ট্রমন্ত্রী মাজিদ তাখত-রাভানছি বিবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, আলোচনার সময় আমাদের ওপর হামলা চলতে থাকলে সেটি আর আলোচনা নয়, বরং জঙ্গলের আইন। ট্রাম্প প্রশাসন মধ্যস্থতাকারীদের মাধ্যমে ইরানকে আলোচনায় ফিরতে চায় বলে জানিয়েছে। তবে আলোচনার সময় মার্কিন হামলার পুনরাবৃত্তি হবে কি না, সে বিষয়ে ওয়াশিংটনের পক্ষ থেকে এখনো কোনো নিশ্চয়তা দেওয়া হয়নি।



গত ১৩ জুন দখলদার ইসরায়েল ইরানের বিভিন্ন পরমাণু ও সামরিক স্থাপনায় হামলা শুরু করে। এর দুদিন পর ওমানের মাস্কটে ইরান-যুক্তরাষ্ট্রের মধ্যে ষষ্ঠ দফা বৈঠক হওয়ার কথা ছিল। কিন্তু তার আগেই যুক্তরাষ্ট্র ইরানের ফোর্দো, নাতাঞ্জ ও ইসফাহান পরমাণু স্থাপনায় বোমা হামলা চালায়।

তেহরান জানিয়েছে, এসব হামলার মধ্য দিয়ে যুক্তরাষ্ট্র সরাসরি ইসরায়েল-ইরান সংঘাতে জড়িয়ে পড়ে ও তাদের কয়েকজন শীর্ষ

৩-এর পৃষ্ঠা দেখুন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com



# ট্রেন্ডিংয়ে ১ নম্বরে ‘মাটির মেয়ে’ দেখে দর্শকেরা কে কী বলছেন

বিনোদন প্রতিবেদক

তিন দিন আগে মুক্তি পেয়েছে নাটক ‘মাটির মেয়ে’। গতকাল শনিবার থেকে নাটকটি রয়েছে ট্রেন্ডিংয়ের শীর্ষে। এরই মধ্যে ইউটিউবে নাটকটির ভিউ হয়েছে ৫১ লাখের বেশি। মন্তব্য এসেছে পাঁচ হাজারের বেশি। আর্থিক সজীবের নির্মাণে এবং সংবেদনশীল গল্পে নাটকটি ইতিমধ্যে দর্শকহৃদয়ে স্থান করে নিয়েছে।

২৫ জুন প্রিয়ন্তী এইচডি নামের ইউটিউব চ্যানেলে নাটকটি মুক্তি পায়। এর পর থেকেই আলোচনায় রয়েছে নাটকটি। এই নাটকে অভিনয় করেছেন তামিম খন্দকার, শায়লা সাথী, ইন্তেখাব দিনার, সাবেরী আলম, আনোয়ার শাহী, সুচনা শিকদার প্রমুখ।

নাটকটি দেখে নাজমা রহমান নামের একজন লিখেছেন, ‘শেষের দিকে অনেক কান্না পেয়ে গেল। মায়েদের এমনই হওয়া উচিত। কিন্তু বাস্তব হচ্ছে, মানিয়ে নিতে নিতে একদিন কবরে চলে যাওয়ার সময় হয়ে যায়, তবু সুখ আসে না। অনেক সুন্দর লাগল নাটকের শেষটুকু দেখে।’ জাহাঙ্গীর নামের একজন লিখেছেন, ‘নাটকটা দেখে আমার চোখে পানি চলে এসেছে। আসলে এই নাটক থেকে কিছু শেখার আছে। প্রত্যেকটা মেয়ের জীবনে এমন একজন মানুষ আসুক।’

মোহাম্মদ আসলাম নামের একজন অভিনয়শিল্পী তামিম খন্দকারের প্রশংসা করে লিখেছেন, ‘হৃদয় ছুঁয়ে যাওয়া অসাধারণ একটি নাটক ছিল। সবাই যদি এমন হতো, পৃথিবীটা আরও সুন্দর হতো। সবাইকে এ বিষয়টা বোঝানোর জন্য ধন্যবাদ তামিম ভাইকে।’

জেসান নামের একজন লিখেছেন, ‘নাটকটা দারুণ হয়েছে, আবেগপ্রবণ গল্প। তামিম এতটা ভালো অভিনয় করেছে, শায়লা সাথীও। এই জুটির আরও নাটক চাই।’ জোবাইদা আক্তার নামের এক দর্শক লিখেছেন, ‘এককথায় নাটকটা অসাধারণ, আমার চোখে পানি চলে আসছে।’ মো. সোহান লিখেছেন, ‘সব ছেলে এক না রে বোন। শেষে তো কান্না করে দিছি, এমন মানুষ যদি সব ঠকে যাওয়া নারীর জীবনে আসত।’ খাদিজা লিখেছেন, ‘বুকের ভেতর চাপা কষ্ট, চোখ দিয়ে পানি পড়ছে। কিছু বলার যেন ভাষা নেই।’

হাসিনা আক্তার নামের আরেক দর্শক নাটকটি দেখে লিখেছেন, ‘কোনো দিন নাটক দেখে চোখে পানি আসেনি। প্রথমবার চোখ দিয়ে পানি চলে আসছে। আমার এমন দুটি মেয়ে আছে, কারও জীবনে এমন কষ্ট দিও না আল্লাহ।’ অন্য একজন দর্শক লিখেছেন, ‘আমি একজন মা। আমি সত্যিই নাটকটা দেখে মুগ্ধ হয়ে গেছি। আমি একমুহূর্তের জন্য কান্না থামাতে পারিনি। সত্যিই নাটকটার কোনো তুলনা নেই, অসাধারণ হয়েছে।’

একজন সহজুসরল মেয়ের জীবনচক্র, বাস্তব সমাজের দৃষ্টিভঙ্গি আর মা ও মেয়ের যন্ত্রণাড়সব মিলে দর্শকের মনে দীর্ঘস্থায়ী ছাপ ফেলবে এই নাটকএমনটাই মনে করছেন পরিচালক আর্থিক সজীব। অন্য ধাঁচের গল্প হলেও চিত্রনাট্যে গতি এনে নির্মাণে আধুনিক ছোঁয়া আনা হয়েছে, যেন মানুষ ভাবনায় সহজে ডুব দেয়। সজীব বলেন, ‘এ নাটকটিতে আমি একজন সহজুসরল মাটির মেয়ের জীবনের কষ্টগুলো তুলে ধরেছি। নাটকটিতে একাধিক মন্তাজের ব্যবহার করা হয়েছে, এটি একটি অফ ট্র্যাকের সিনেম্যাটিক গল্প। এই গল্পে শায়লা সাথী দারুণ অভিনয় করেছেন, “মাটির মেয়ে” মা ও মেয়ের ইমোশনাল বন্ডিং মানুষকে কাঁদাবে!’

নাটকটির প্রযোজক মনোয়ার পাঠান বলেন, ‘ভালো গল্প, ভালো নির্মাণ এবং অভিনয় ভালো হলে দর্শক নাটক দেখে। “মাটির মেয়ে” নাটকের দর্শকপ্রিয়তা এটিই প্রমাণ করে।

## ঝিনাইদহে জুলাই সনদের দাবিতে

জেলা সদস্য সচিব সাইদুর রহমান। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পোস্ট অফিস মোড়ে এসে একটি সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

সমাবেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের হরিণাকুণ্ডু উপজেলার আহবায়ক রফিকুল ইসলাম, শৈলকুপা উপজেলার আহবায়ক রাহাত মিয়া, মহেশপুর উপজেলার আহবায়ক হামিদুর রানা, সদর উপজেলার আহবায়ক সোহাগ আহমেদ শুভ, ইসলামী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলা সভাপতি নাইম ইসলাম, এবং জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় সংগঠক হুমায়ুন কবির বক্তব্য রাখেন।

সংগঠনের জেলা প্রধান সাজেদুর রহমানসহ অনেকে উপস্থিত ছিলেন। বক্তারা দ্রুত জুলাই সনদ ও জুলাই ঘোষণাপত্র প্রকাশের দাবি জানান।

## আবু সাঈদ হত্যা মামলা

ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়। পরে ট্রাইব্যুনালে আবু সাঈদ হত্যার ভিডিও দেখানো হয় এবং আসামিদের বিরুদ্ধে আনা অভিযোগ পড়ে শোনান চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট তাজুল ইসলাম। অভিযোগ আমলে নিয়ে ২৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন বিশেষ ট্রাইব্যুনাল।

আলোচিত এ মামলায় ৪ আসামি কারাগারে রয়েছেন। তারা হলেন সরাসরি গুলি করা পুলিশ সদস্য আমির হোসেন, কনস্টেবল সুজন চন্দ্র, বেরোবির সাবেক প্রক্টর শরিফুল ইসলাম ও ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইমরান চৌধুরী।

উল্লেখ্য, সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলন যখন সারা দেশে ছড়িয়ে পড়েছিল, তখন ১৬ জুলাই দুপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সামনে পার্ক মোড়ে গুলিবিদ্ধ হন আবু সাঈদ। ২৫ বছর বয়সী আবু সাঈদ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থী ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের কোটা সংস্কার আন্দোলনের অন্যতম সমন্বয়ক ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের সামনে নিরস্ত্র আবু সাঈদের গুলিবিদ্ধ হওয়ার ভিডিও ছড়িয়ে পড়লে সারা দেশে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দেয়। এই হত্যাকাণ্ডের প্রতিবাদেই সোচ্চার হন বহু মানুষ, যাতে আরও গতিশীল হয় কোটা সংস্কার আন্দোলন। ওই আন্দোলনের ধারাবাহিকতায় ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে গত ৫ আগস্ট প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা।

## আরও ২১ জনের করোনা শনাক্ত

করা হয়েছে। তবে এ সময়ের মধ্যে কেউ মারা যায়নি।

সোমবার (৩০ জুন) স্বাস্থ্য অধিদফতরের সমন্বিত নিয়ন্ত্রণ কক্ষ থেকে পাঠানো প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এদিন প্রতি ১০০ নমুনায় শনাক্তের হার ৫ দশমিক ৪৭ শতাংশ বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতর।

স্বাস্থ্য অধিদফতর জানায়, ২০২০ সালের ১৮ মার্চ থেকে এখনও পর্যন্ত করোনায় মৃত্যু হয়েছে ২৯ হাজার ৫২১ জনের। এর মধ্যে চলতি বছরের জানুয়ারি থেকে এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে ২২ জনের। এছাড়া ২০২০ সালের ৮ মার্চ থেকে শনাক্ত হয়েছে মোট ২০ লাখ ৫২ হাজার ১১৪ জন, এর মধ্যে গত জানুয়ারি থেকে এখনও পর্যন্ত শনাক্ত হয়েছেন ৫৬৯ জন।

## আলোচনার জন্য যুক্তরাষ্ট্রকে শর্ত দিল

সামরিক কর্মকর্তা ও পরমাণু বিজ্ঞানীকে হত্যা করেছে। হামলায় ইরানের পরমাণু স্থাপনাগুলো আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হলেও আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ) জানিয়েছে, সম্পূর্ণ ধ্বংস হয়নি।

উপ-পররাষ্ট্রমন্ত্রী তাখত-রাভানছি বলেন, ইরান শান্তিপূর্ণ উদ্দেশ্যে ইউরেনিয়াম সমৃদ্ধ করছে। যারা ইরানের কর্মসূচির সমালোচনা করে, তাদের আসলে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের আগ্রাসনের বিরুদ্ধে কথা বলা উচিত। যারা তা পারছে না, তাদের উচিত নীরব থাকা। ইরান এখন নিজস্ব সক্ষমতায় গবেষণা চালাচ্ছে কারণ আন্তর্জাতিক সহায়তা পায়নি। তোমার কোনো পরমাণু সমৃদ্ধকরণ থাকবে না, যদি একমত না হও তবে তোমার ওপর বোমা মারবো এটা কোনো সভ্য আচরণ নয়, বলে মন্তব্য করেন তিনি। ২০১৫ সালে স্বাক্ষরিত পরমাণু চুক্তি অনুযায়ী ইরান বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য ইউরেনিয়াম সমৃদ্ধ করতে পারবে। কিন্তু ২০১৮ সালে যুক্তরাষ্ট্র চুক্তি থেকে বেরিয়ে গিয়ে ইরানের ওপর পুনরায় নিষেধাজ্ঞা আরোপ করে। এর জবাবে ২০২১ সাল থেকে ইরান ফের সমৃদ্ধকরণ কর্মসূচি শুরু করে।

আইএইএ জানিয়েছে, ইরান ৬০ শতাংশ মাত্রায় ইউরেনিয়াম সমৃদ্ধ করেছে যা দিয়ে প্রায় নয়টি পারমাণবিক বোমা তৈরি সম্ভব। যদিও ইরান স্পষ্টভাবে জানিয়েছে, তারা কোনো বোমা তৈরি করছে না এবং লক্ষ্য একমাত্র শান্তিপূর্ণ গবেষণা ও বিদ্যুৎ উৎপাদন। ইরানের পার্লামেন্ট সম্প্রতি আইএইএর সঙ্গে সহযোগিতা স্থগিত করার প্রস্তাব পাশ করেছে। তাদের দাবি, এই সংস্থাটি পশ্চিমা শক্তির প্রভাবাধীন। আলোচনায় ফেরার বিষয়ে তাখত-রাভানছি বলেন, “আমরা যুদ্ধ চাই না, আলোচনা চাই। তবে আগ্রাসনের হুমকি থাকা অবস্থায় কোনো আলোচনাই সম্ভব নয়। তিনি আরও জানান, ইরানের আরব মিত্ররা আলোচনার পরিবেশ তৈরিতে কাজ করছে, তবে এখনো কোনো আলোচনার দিনক্ষণ নির্ধারিত হয়নি।

## স্মার্টফোনকে লোকেশন ট্র্যাকিং থেকে

করতে ব্যবহার করা যেতে পারে। অথবা ম্যালওয়্যারবাইটস সাইবারসিকিউরিটি কোম্পানির সিনিয়র প্রাইভেসি অ্যাডভোকেট ডেভিড রুইজ বলেছেন, একজন অসন্তুষ্ট প্রাক্তন ব্যক্তি লোকেশন শেয়ারিং ব্যবহার করে কাউকে অনুসরণ করতে পারে অথবা একজন বর্তমান, আপত্তিজনক সঙ্গী আপনাকে লোকেশন শেয়ারিং করতে বাধ্য করতে পারে, এমনকি নিয়ন্ত্রণে রাখতে পারে।

লোকেশনের ব্যবহার সর্বনিম্ন রাখার বেশ কয়েকটি প্রয়োজনীয় টিপস : অ্যাপের অনুমতি: আপনার ফোনের কন্ট্রোল প্যানেলে গিয়ে অনুমতিগুলো দেখুন। আইফোন ব্যবহারকারীরা চৎরাধপু ্ ঝবপঁৎরঃু ট্যাবে এবং তারপর খড়পধঃরড়হ ঝবৎারপবং-এ গিয়ে প্রতিটি অ্যাপের সেটিংস দেখতে পারেন। সাইবারসিকিউরিটি বিশেষজ্ঞদের মতে, অ্যাপগুলোকে সবসময় ব্যাকগ্রাউন্ডে আপনার লোকেশন ব্যবহার করতে দেওয়া উচিত নয়। এর পরিবর্তে অ্যাপকে আপনার লোকেশন ব্যবহার করার আগে জিজ্ঞাসা করতে দিন, অথবা অ্যাপটি খোলা থাকাকালীন শুধু ব্যবহার করতে দিন, অথবা কখনোই আপনার লোকেশন ব্যবহার করতে দেবেন না।

আইফোন প্রাইভেসি: অ্যাপলের কাছে থার্ড-পার্টি ট্র্যাকিং কমানোর জন্য আরও কিছু টুল আছে, যা লোকেশন তথ্য অন্তর্ভুক্ত করতে পারে। আইফোনের চৎরাধপু ্ ঝবপঁৎরঃু সেটিংসে এ্যৎধপশরহম ট্যাবের অধীনে অষষড়ি অঢ়ঢ়ং ঃড় জবয়ঁবংঃ ঃড় এ্যৎধপশ নামে একটি টগল আছে। এটি বন্ধ রাখলে নতুন কোনো অ্যাপের অনুরোধ স্বয়ংক্রিয়ভাবে অস্বীকার করা হবে এবং সেগুলোকে আপনার ফোনের বিজ্ঞাপন শনাক্তকারী (অফ ওফবহঃরভরবৎ) অ্যাক্সেস করা থেকেও বিরত রাখা হবে।

বিজ্ঞাপন আইডি : সিকিউরটি এক্সপার্টরা গুগল বা অ্যাপল ডিভাইসের ইন-হাউস বিজ্ঞাপন শনাক্তকারী ব্লক করার পরামর্শ দেন, যা আরও ভালো বিজ্ঞাপন টার্গেটিংয়ের জন্য বেশির ভাগ ডিভাইসে থার্ড-পার্টি ট্র্যাকিং সক্ষম করে। আইফোনে চৎরাধপ সেটিংসে যান, তারপর অঢ়ঢ়ষব অফাবৎঃরংরহম-এ নিচে স্ক্রল করুন এবং চবৎংড়হধষরুবফ অফং বন্ধ করুন। নতুন অ্যান্ড্রয়েড ফোনে চৎরাধপু সেটিংসে যান, তারপর অফং-এ যান, যেখানে উবষবঃব অফাবৎঃরংরহম ওউ ট্যাপ করতে পারেন।

ব্রাউজার: সাফারি বা ক্রোম-এর মতো ওয়েব ব্রাউজারগুলো আপনার লোকেশন প্রকাশ করতে পারে। তাই এমন একটি ব্রাউজার ব্যবহার করুন, যা আপনার সম্পর্কে তথ্য সংরক্ষণ করে না, যেমন : ডাকডাকগো, ফায়ারফক্স ফোকাস বা ইকোসিয়া ইত্যাদি। যদি একটি প্রাইভেসি-কেন্দ্রিক ব্রাউজার আপনার আইপি অ্যাড্রেসের মাধ্যমে আপনার লোকেশন অ্যাক্সেস করার প্রয়োজন হয়, তবে তারা প্রথমে জিজ্ঞাসা করবে। এটি আপনার কুকিজ ও অন্যান্য ওয়েব ব্রাউজিং ডেটা সহজেই মুছে ফেলার অনুমতি দেবে।

ফাইন্ড মাই ডিভাইস: হারিয়ে যাওয়া ডিভাইস পুনরুদ্ধারে অ্যাপলের ফাইন্ড মাই বা গুগলের ফাইন্ড মাই ডিভাইস ফিচার ব্যবহার করে ফোন বা ট্যাবলেট ট্র্যাকিং করা যেতে পারে। আপনার অ্যাপল বা গুগল অ্যাকাউন্টে যদি কেউ প্রবেশাধিকার পায় বলে আপনি মনে করেন থাকেন, তবে আপনি ফিচারটি বন্ধ করতে পারেন।

সিগন্যাল ব্লক করুন: কিছু সাইবারসিকিউরিটি ওয়েবসাইট এয়ারপ্লেন মোড (অরৎঢ়ষধহব গড়ফব) ব্যবহার করার পরামর্শ দেয়, তবে এটি সবসময় সব সিগন্যাল বন্ধ করে না, তাই আপনার এটির ওপর নির্ভর করা উচিত নয়। একটি সিগন্যাল-ব্লকিং ফ্যারাডে পাউচ ভালো বিকল্প হবে, তবে এটি সত্যিই সব সিগন্যাল জ্যাম করছে কি না তা পরীক্ষা করে নিশ্চিত হন। মনে রাখবেন, এটি ব্যবহার করার জন্য ডিভাইসটি ব্যাগ থেকে বের করতে হবে।

সীমাবদ্ধতা : স্মার্টফোন এবং স্মার্টওয়াচের মতো অন্যান্য ডিভাইস আমাদের লোকেশন ট্র্যাক করার এতগুলো সম্ভাব্য উপায় রয়েছে যে একটি বিস্তারিত চেকলিস্ট দেওয়া কঠিন। রুইজ বলেছেন, অ্যাপ, কোম্পানি এবং প্ল্যাটফর্মগুলোর সঙ্গে আমাদের ডিফল্ট সম্পর্ক হলো তারা আমাদের ট্র্যাক করবে, যা আমাদের ডেটা কোন চ্যানেলগুলোর মাধ্যমে পাঠানো হচ্ছে তা যাচাই করাকে কঠিন করে তোলে।

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭

ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
স্পেশালিষ্ট পেইন এন্ড ক্রিটিক্যাল মেডিসিন
এম.বি.বি.এস, সি,সি, ডি-ডায়াবেটলজি (বারডেম) ডিএ-ডিপ্লোমা ইন এনেসথেশিয়া, পেইন এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (বিএসএমএমই এফ.আই.পি.এম- ফেলোশিপ ইন ইন্টারভেনশনাল পেইন ম্যানেজমেন্ট (ইন্ডিয়া) কনসালটেন্ট (এনেসথেশিয়া)-রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : শুক্র থেকে মঙ্গলবার সকাল ১০টা হতে বিকাল ৫টা পর্যন্ত

মেডিসিন, গাইনী ও প্রসূতী
ডাঃ তাসনিম সুলতানা
এমবিবিএস (আর ইউ ) ডি এম ইউ (ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড) স্পেশাল ট্রেইন্ডইন টিভিএস ও কালার ডপলার মেডিকেল অফিসার মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার
প্রতি শনি-বৃহস্পতিবার সকাল ৯টা-বিকাল ৩টা পর্যন্ত

মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
ডাঃ মোঃ ফারুক হোসেন
এমবিবিএস (সিএমসি), বিসিএস (স্বাস্থ) পিজিটি (মেডিসিন) মেডিকেল অফিসার
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর

ডাঃ মোঃ আলী হায়দার
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এমএস (অর্থোপেডিক-সার্জারী) জুনিয়র কনসালটেন্ট দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া।
প্রতি শুক্রবার সকাল ০৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত

ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও সেক্স রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
প্রতি শনিবার সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত

ডাঃ মোঃ সেলিম উদ্দীন
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (মেডিসিন) এম.ডি: রেসিডেন্ট গ্যাস্ট্রোএন্টেরোলজি কনসালটেন্ট (মেডিসিন) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
প্রতি শুক্রবার দুপুর ৩টা হতে রাত ৮টা পর্যন্ত

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল ঃ ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল ঃ ০১৭৮৮-২২১৩৩৫

গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ সোনিয়া আহমেদ
এম.বি.বি.এটা (রাজ), বি.সি.এস (স্বাস্থ্য), ডিজিও (বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়), কনসালটেন্ট গাইনী এন্ড অবস রোগী দেখার সময় : প্রতি রবি ও বুধবার দুপর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ

(প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
ডাঃ মেশকাতুন নেছা রিমা
এম.বি.বি.এস, পিজিটি (গাইনী এন্ড অবস), এফসিপিএস পার্ট-১ (গাইনী এন্ড অবস), সি এম ইউ (আল্ট্রা), (প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
রোগী দেখার সময় ঃ প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। শুক্রবার ব্যতিত
বিঃদ্রঃ এখানে নিয়মিত কালার ডপলার ইকো করা হয়।

ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমডি (কার্ডিওলজি) এফসিপিএস, মেডিসিন (শেষ পর্ব), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
রোগী দেখার সময় : বৃহস্পবির বিকাল ৪টা থেকে রাত্রি ৮টা এবং শুক্রবার সকাল ৯টা থেকে

মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
এম.বি.বি.এস, বি,সি,এস (স্বাস্থ্য) , এম.ডি (ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-থিসিস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখার সময়: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ হতে বিকাল ৫:৩০ পর্যন্ত।

গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ শাহারিয়া শায়লা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (গাইনী এন্ড অবস্) এফপি এমসিপিএস (গাইনী এন্ড অবস্), ডিজিও-ফাইনাল, সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী), কনসালটেন্ট (প্রসূতি ও স্ত্রী রোগ), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর। রোগী দেখার সময় ঃ প্রতি সোম ও মঙ্গলবার দুপুর ৩ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। যোগাযোগ সাপেক্ষে

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১

ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিশিন ও গাইনী মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।

ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।

ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস( স্বাস্থ্য)
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।

ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭ টা

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল : ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এস, বি. সি. এস (স্বাস্থ্য), সি. এম. ইউ (আল্ট্রাসনো) ব্যাত ব্যথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত



করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট বা ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর।
অগ্রীম সিরিয়ালের জন্য যোগাযোগ : ০১৭৩৮-১৩১৮১৩

নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকৎসা ও পরামর্শ দিচ্ছেন
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএিস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রুগী দেখার সময় প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

মহিলাদের সকল প্রকার বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ রুগী দেখার সময় প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন

ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।

ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভৃরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা

ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।

পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ

আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর ঃ ০১৮৫৮-৯৫৬৯৩৩

মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস, গ্যাস্টলিভার, ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), এফসিপিএস পার্ট-১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম),
প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রুগী দেখেন।

মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ, বাত ব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ (আল্ট্রা)
প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখে।

স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক
ডাঃ তাসমেরী নাহার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

নিঃসন্তান, বন্ধ্যাত্ব, গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের সকল চিকিৎসা প্রদান করেন
ডাঃ সেজুঁতি মেহেতাজ
এমবিবিএস (রাজশাহী), বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩টা হইতে রাত্রী ৮টা পর্যন্ত রুগী দেখেন।

মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি’র সামনে, মেহেরপুর
যোগাযোগঃ সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১,
পরিচালক ঃ ০১৭৯৫-৯০৯৫৮৫, ০১৭১১-০৫১১১৪

নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
ডাঃ ফারহানা ফেরদৌসী
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য) এমডি (নিওনেটোলজি) বিএসএমএমইউ সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।

রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
এম.বি.বি.এস (এস.এস.এম.সি),বিসিএস (স্বাস্থ্য) এম.এস (কার্ডিওভাসকুলার এন্ড থোরাসিক সার্জারী) এফ.সি.পি.এস (এফপি)-জেনারেল সার্জারী জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুক্রবার বাদে)।

স্ত্রী, পসূতি ও বন্ধ্যত্ব রোগ চিকিৎসক সার্জন
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
এমবিবিএস, এসএসএমসি, বিসিএস(স্বাস্থ্য), সিএমইউ( আল্ট্রাসনোগ্রাফি), এফসিপিএস ( শেষ পর্ব) স্ত্রী রোগ ও প্রসূতিবিদ্যা বিভাগ, ২৫০ শয্যা বিশিষ্ট্য জেনারেল হাসপাতাল ,মেহেরপুর, এক্স সহকারি রেজিস্টার, কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।

চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) এ ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও এলার্জি রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেহ হাসপাতাল, সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ১ জুলাই ২০২৫ ইং

## “দৈনিক আমাদের সুর্যোদয়” হয়ে উঠুক জেলার আত্মার কণ্ঠস্বর

মো: মাহবুব হাসান টুটুল



মেহেরপুর একটি সীমান্তবর্তী জেলা, যার ভৌগোলিক গুরুত্ব ও রাজনৈতিক ইতিহাস দেশের ইতিহাসের গুরুত্বপূর্ণ অধ্যায়।বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকারের শপথভূমি বা ইতিহাসের শ্রদ্ধাভূমি। অথচ আজও মেহেরপুর সংবাদজগতের কেন্দ্রবিন্দু হতে পারেনি। জাতীয় পত্রিকায় স্থান পায় না এখানকার জীবন, সংগ্রাম কিংবা সাফল্য। এই শূন্যতা পূরণে এগিয়ে এসেছে এক নবপ্রয়াস “দৈনিক আমাদের সুর্যোদয়”। এই জেলার জনগণের স্বার্থ,সম্ভাবনা, সমস্যা ও প্রতিবাদ তুলে ধরতে স্থানীয় গণমাধ্যমের প্রয়োজনীয়তা দীর্ঘদিন ধরেই অনুভূত হয়ে আসছে। সেই প্রেক্ষিতে “দৈনিক আমাদের সুর্যোদয়” পত্রিকাটি একটি আশার আলো হয়ে উঠুক। এবার “দৈনিক আমাদের সূর্যোদয়” পত্রিকার দায়িত্ব নিয়েছে মেহেরপুর জেলা কৃতি সন্তান সিনিয়র সাংবাদিক মাহাবুবুল হক পোলেন, যে স্কুল-কলেজ থেকে শুরু করে জাতীয় গণমাধ্যমের মাঠ পর্যায়ে তাঁর অভিজ্ঞতা গভীর এবং বহুমাত্রিক।

“দৈনিক আমাদের সুর্যোদয়” একটি পত্রিকার নাম নয়, এটি হোক একটি সামাজিক আন্দোলন নাম, একটি জনতার দর্পণ। সম্পাদক হিসাবে সিনিয়র সাংবাদিক মাহাবুবুল হক পোলেনের নেতৃত্বে এটি হয়ে উঠুক মেহেরপুর জেলার একমাত্র মুখপত্র যেখানে থাকবে সত্যের সাহস,মানুষের ভাষা এবং ভবিষ্যতের দিশা। গড়ে উঠুক সকালের চায়ের সাথে “দৈনিক আমাদের সুর্যোদয়”।

“দৈনিক আমাদের সুর্যোদয়” শুধুই একটি সংবাদপত্র নয়, এটি গড়ে উঠুক পাঠকের ও মেহেরপুর জনতার কণ্ঠস্বর। স্থানীয় সমস্যা, উন্নয়ন কর্মকাণ্ড, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা, সংস্কৃতি ও যুবসমাজের সম্ভাবনার মতো গুরুত্বপূর্ণ বিষয়কে গুরুত্ব দিয়ে উপস্থাপন করলে, আমি মনে করি সাধারণ মানুষের জীবনের একটি অংশ হয়ে জেগে উঠবে।

মেহেরপুরের সিনিয়র সাংবাদিক মাহাবুবুল হক পোলেন এই পত্রিকার সম্পাদক হিসেবে দায়িত্ব নিয়ে কেবল পত্রিকার দায়িত্ব নেননি দায়িত্ব নিয়েছে গোটা জেলার অবহেলিত জনতার । তিনি বরং জেলার বাস্তবতা, সম্ভাবনা এবং গ্লানির মুখে দাঁড়িয়ে সত্যনিষ্ঠ সাংবাদিকতার এক নতুন ধারা তৈরি করবেন।

মাহাবুবুল হক পোলেনের সাংবাদিকতা জীবন দীর্ঘদিনের তাই সম্পাদনায় পত্রিকাটি হয়ে উঠবে সাহসী, সততা ও সত্য প্রকাশের প্রতীক। তিনি শুধু খবর ছাপাবেন না, তিনি জেলার বিবেককে জাগিয়ে তুলবেন। তিনি মাটি ও মানুষের সঙ্গে নিবিড়ভাবে যুক্ত, যার ফলে তাঁর লেখনীতে উঠে আসবে সরাসরি মানুষের কথা। সম্পাদক হিসাবে তাঁর সবচেয়ে বড় সম্পদ হলো ভয়হীন সত্য প্রকাশের সাহস ও গভীর সামাজিক দায়িত্ববোধ।

সাংবাদিক মাহাবুবুল হক পোলেন ভাই এই পত্রিকার সম্পাদক হিসাবে যে দায়িত্ব নিয়েছেন বলে আমি শুনেছি তখনি ফোন করে বলেছিলাম “দৈনিক আমাদের সুর্যোদয়” পত্রিকার প্রকাশক ও সম্পাদক আবুল কাসেম স্যারকে নতুন কিছু হবে এবং অনেক ভালো হবে। মাহাবুবুল হক পোলেন ভাই শুধু সাংবাদিকতা করেন না তার মধ্যে রয়েছে সত্যবাদিতা, প্রতিবাদি, অন্যায়ের আপোষহীনতা তাই “ দৈনিক আমাদের সুর্যোদয়” পত্রিকার মাধ্যমে জনগণের আওয়াজ পৌঁছে যাবে প্রশাসনের কানে, দুর্নীতি ও অনিয়মের মুখোশ উন্মোচন,স্থানীয় প্রতিভা, সংস্কৃতি ও উদ্যোগকে তুলে ধরা তথ্যপ্রযুক্তি যুগের তাল মিলিয়ে “ দৈনিক আমাদের সুর্যোদয়” পত্রিকা হতে পারে জেলার একমাত্র নির্ভরযোগ্য সংবাদভিত্তিক প্ল্যাটফর্ম। (অসমাপ্ত) (লেখক : সাংবাদিক)

## শিক্ষা নয়, ব্যবসা: মেহেরপুরে প্রশ্ন-ফাঁসের দায় কার?

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে নবম শ্রেণির গণিত বিষয়ের অর্ধবার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়া নিছক একটি অনিয়ম নয়-এটি আমাদের জাতীয় শিক্ষাব্যবস্থার মেরুদণ্ড ভেঙে পড়ার একটি ভয়ংকর উদাহরণ। যখন একটি স্বনামধন্য বিদ্যালয়ের পরীক্ষার আগের সন্ধ্যায় প্রশ্নপত্র শিক্ষার্থীদের হাতে পৌঁছে যায়, তখন তা কেবল প্রশ্ন-ফাঁস নয়, এটি রাষ্ট্রীয় বিশ্বাসঘাতকতা।

প্রধান শিক্ষকের দায়িত্বহীনতা এবং অপরাধে নীরব প্রশ্রয় দেওয়ার ভূমিকা এই ঘটনার ভয়াবহতাকে বহুগুণে বাড়িয়ে তুলেছে। একজন শিক্ষক যদি শিক্ষার্থীদের ভবিষ্যৎ রক্ষা করার বদলে তা বিকিয়ে দেন, তবে তাঁর জায়গা বিদ্যালয়ের শ্রেণিকক্ষে নয় অপরাধীদের আসামির কাঠগড়ায়।

প্রশ্ন যখন ফাঁস হয়েছে, তখন তা তদন্তসাপেক্ষ বলে বিলম্বিত করার কিছু নেই। ফাঁস হওয়া হাতে লেখা প্রশ্ন ও মূল প্রশ্নপত্রের হুবহু মিল প্রমাণ করে, এটি পূর্বপরিকল্পিত। অথচ স্কুল কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে বিষয়টি ধামাচাপা দিতে চেয়েছে। এ ধরনের অপচেষ্টাও একই অপরাধের শামিল।

এখানে একাংশ শিক্ষক গড়ে তুলেছেন প্রাইভেট কোচিংভিত্তিক লাভজনক সিন্ডিকেট, যারা সাজেশন ও প্রশ্নফাঁসের মাধ্যমে শিক্ষাকে বানিয়েছেন টাকার খনি। অভিভাবকরা বলছেন, বিদ্যালয়ের ভেতরেই চলে প্রাইভেট পড়ানো শিক্ষার্থীদের বাধ্য করা হয় কোচিংএ, না করলে মূল পাঠে বঞ্চিত হওয়ার আশঙ্কায়। এই মগের মুল্লুকে শিক্ষা নয়, চলে দখলদারিত্ব।

আমরা প্রশ্ন করতে চাই:

শিক্ষা প্রশাসন এতদিন কোথায় ছিল?

অভিভাবকদের অভিযোগের পরও কেন কোনো কার্যকর ব্যবস্থা নেয়া হয়নি কেন সিন্ডিকেট ভাঙা হয়নি

শুধু মৌখিক তদন্ত বা হালকা বিবৃতিতে কাজ হবে না। এই ঘটনার দায় নিতে হবে প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সবার। অবিলম্বে অভিযুক্তদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিদ্যালয়ের অভ্যন্তরীণ দুর্নীতির শেকড় ছেঁটে ফেলতে হবে। আরও প্রয়োজন জেলা প্রশাসন, শিক্ষা বোর্ড এবং শিক্ষা মন্ত্রণালয়ের সমন্বিত মনিটরিং। একটি বিদ্যালয়ের অনিয়ম বন্ধ করতেই যদি ছয় মাস অপেক্ষা করতে হয়, তবে আমরা কেমন প্রশাসনিক কাঠামোর মধ্যে আছি? এটি কোনো একক বিদ্যালয়ের সংকট নয় এটি গোটা দেশের শিক্ষাব্যবস্থার প্রতিচ্ছবি। এই প্রতিচ্ছবিকে বদলাতে না পারলে আমরা একটি বিকল, ভঙ্গুর, এবং দুর্নীতিপুষ্ট প্রজন্মই পাবো। আজ যদি অপরাধী শিক্ষক, নীরব প্রধান শিক্ষক, এবং অকার্যকর প্রশাসনের বিরুদ্ধে দৃশ্যমান, দৃষ্টান্তমূলক শাস্তি না হয় তবে কাল আমরা প্রশ্ন করতে পারবো না, কেন আমাদের বিশ্ববিদ্যালয়ে মেধার চেয়ে টাকা বেশি মূল্যবান হয়ে উঠেছে।

## চুয়াডাঙ্গায় সড়ক নিরাপত্তা নিয়ে

আলোচনা সভায় উপস্থিত ছিলেন বিআরটিএ চুয়াডাঙ্গা সার্কেলের মোটরযান পরিদর্শক নজরুল ইসলাম, দৌলতদিয়াড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেজাউল কবির, নিরাপদ সড়ক চাই (নিসচা) চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক জাকির হোসেন, এবং বিদ্যালয়ের সহকারী শিক্ষক শামীম হোসেন। সভায় বক্তারা সড়ক নিরাপত্তার গুরুত্ব, সড়ক চিহ্নের (রোড সাইন) ব্যবহার, সঠিকভাবে রাস্তা পারাপার করার নিয়ম, ওভারব্রিজ ব্যবহারের প্রয়োজনীয়তা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া শিক্ষক ও শিক্ষার্থীদের মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং সড়কে নিরাপদ চলাচল ও সাইকেল ব্যবহারের নিয়মাবলী নিয়েও শিক্ষামূলক আলোচনা করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় বিদ্যালয়ের ৭০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

সোমবার (৩০ জুন) বিকালে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘জুলাই আন্দোলনের এক বছর পূর্তিতে সবাই অনুষ্ঠান করবে, অংশগ্রহণ করবে। এখন পর্যন্ত এসব নিয়ে কোনও থ্রেট নাই।’

উপদেষ্টা আসিফ মাহমুদ সজিব ভূঁইয়ার ব্যাগে বিমানবন্দরে অস্ত্রের ম্যাগাজিন পাওয়ার বিষয়ে জানতে চাইলে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘এটা ভুলে ব্যাগে ছিল। এটা একটা ভুল। কেউ জেনে-শুনে এটা করবে না।’

কুমিল্লার মুরাদনগরের ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনীর ব্যর্থতা আছে কিনা জানতে চাইলে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘এ ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনী যথাযথ ব্যবস্থা নিয়েছে। যে ব্যক্তি অপরাধ করেছে তাকে এরইমধ্যে আইনের আওতায় নিয়ে আসা হয়েছে। যারা ভিডিও করেছে তাদেরও আইনের আওতায় আনা হয়েছে। পটুয়াখালীর ঘটনাতেও আইনশৃঙ্খলা বাহিনীর কোনও ব্যর্থতা নেই।’

তিনি বলেন, ‘দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সাধারণ মানুষের উপলব্ধি ভালো। আগের চেয়ে অনেক উন্নতি হয়েছে। আরও উন্নতি হচ্ছে।

## রোগীরা কাঁদে, খাবার আসে নামমাত্র

একটি। আর সবজি! অধিকাংশ সময় শুধু কিছু লাউ, যা রান্নার মানেও থাকে না। একদিনের খাবার দেখে প্রতিবেদনকারীর নিজের চোখ কাঁদে উঠেছিল একটি প্লেটে ছিল ৩-৪ চামচ ভাত, সামান্য ডাল, আর আধা স্লাইস মাছের টুকরো, যা হয়তো একটি শিশুর জন্যও যথেষ্ট নয়। এই চিত্র শুধু একটি হাসপাতালের নয়, এটি গোটা একটি সমাজব্যবস্থার দর্পণ যেখানে অসুস্থ মানুষদের জীবন-মরণ নিয়েও ব্যবসা হয়, ক্ষমতা চলে খাদ্যের চেয়েও শক্তিশালী হয়ে। অথচ রাষ্ট্রের দায়িত্ব তাদের পাশে থাকা।

একজন বয়স্ক রোগী কাঁপা কণ্ঠে বলেন, “এই খাবারে মানুষ ভালো হয়? গায়ে শক্তি পাই না, চোখে আলো নাই। খাই কী? এক চামচ ভাত আর একটু তরকারি আর সব আলু।” খাবারের ঠিকাদারী প্রতিষ্ঠান ‘নাহিদ হাসান ট্রেড ইন্টারন্যাশনাল’-এর নাম থাকলেও ঠিকাদার নিজেই বলেন,

“আমি খাবার সরবরাহ করি না। এটা করেন জেলা বিএনপির আহবায়ক কমিটির যুগ্ম আাহবায়ক আমিরুল ইসলাম ও তার লোক মামুন। আমি কিছুই জানি না।” জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলামকে ফোন করা হলে তিনি স্পষ্ট করেই বলেন, “আপনার যা খুশি তাই করেন, আপনার কি?” একজন জননেতার এমন উত্তর শুধু হতাশাজনক নয়, অমানবিকও!

হাসপাতালের একটি ওয়ার্ডে বসে থাকা রোগীর মা কেঁদে বলেন, “ছয়দিন ধরে হাসপাতালে। মেয়ের মুখে কিছু ওঠে না। কিন্তু এই খাবার খেয়ে তো আরো অসুস্থ হয়ে পড়ছে। প্রতিদিন বিকেলে খাবার আসে দেখেই মনটা ভেঙে যায়। কী দেই মেয়েকে?”

একজন মুক্তিযোদ্ধার স্ত্রী, যিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন, চুপচাপ বসে ছিলেন। কথা বললে শুধু বলেন: “আমার স্বামী দেশ স্বাধীন করেছেন, আর আমি হাসপাতালের খাবার খেয়ে মরতে বসেছি।”

হাসপাতালের একাধিক কর্মচারী নাম প্রকাশ না করার শর্তে বলেন, “খাবার সরবরাহকারী মামুন নিজেই সরকারি চাকরিজীবী। সে আগে বিভিন্ন নেতাকে ‘আব্বা’ ডাকতো, এখন আমিরুল সাহেবকে আব্বা ডাকে। রোগীর খাদ্য এখানে ব্যবসার পণ্য হয়ে গেছে।”

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইচএ ডা. আসাদুজ্জামান বলেন, “আমি প্রতিদিন সুপারভিশন করতে পারি না। যেদিন করি, সেদিন খাবার ঠিক থাকে। বাকি দিনগুলোতে আমরা কিছু বললে হুমকি-ধামকি আসে।”

## মেহেরপুরে নারী হত্যা ও ধর্ষণের দুই

করে প্রাপ্ত অর্থ ট্রাইব্যুনালে জমা দিতে।

রাষ্ট্রপক্ষে মামলাটি পরিচালনা করেন অ্যাডভোকেট মোকলেসুর রহমান এবং আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট আতাউল হক আন্টু।

মামলার অভিযোগে জানা যায়, ২০১৬ সালের ২১ সেপ্টেম্বর সকাল ১১টার দিকে মোবাইল ফোনে ৯ শ্রেণীর শিক্ষার্থীকে ডেকে নেয় স্বপন আলী। সারাদিন বিভিন্ন এলাকায় ঘোরাঘুরির পর রাতের সময় গাংনী উপজেলার আকুবপুর গ্রামের একটি নির্মাণাধীন ভবনে নিয়ে গিয়ে বিয়ের প্রলোভন দেখিয়ে ধর্ষণ করে এবং পরে কিশোরীকে একা রেখে পালিয়ে যায়।

স্ত্রী হত্যায় স্বামী সেন্টুর যাবজ্জীবন :

স্ত্রীকে নির্মমভাবে হত্যা করে আত্মহত্যার নাটক সাজিয়ে পার পাওয়ার চেষ্টা করেছিলেন গাংনীর সেন্টু। তবে শেষ পর্যন্ত বিচারের মুখোমুখি হয়ে আদালতের রায়ে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন তিনি।

গতকাল সোমবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক এস.এম. নাসিম রেজা এ রায় ঘোষণা করেন। সাজা হিসেবে সেন্টুকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডের পাশাপাশি ৫০ হাজার টাকা অর্থদণ্ড এবং অর্থদণ্ড অনাদায়ে আরও দুই বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। দণ্ডপ্রাপ্ত সেন্টু মেহেরপুর জেলার গাংনী উপজেলার আকুবপুর বাজারপাড়ার বাসিন্দা ইমরুল ইমামের ছেলে।

রায়ে বিচারক বলেন, “একজন নারী তাঁর স্বামীর কাছে নিরাপত্তা ও ভালোবাসা প্রত্যাশা করেন। কিন্তু সেই স্বামীই যখন হত্যাকারী হয়ে ওঠে, তখন তা কেবল পারিবারিক নয়, সামাজিক দিক থেকেও গভীর সংকটের ইঙ্গিত দেয়।” তিনি আরও বলেন, “অপরাধ যত পুরনোই হোক, সত্য কখনও চাপা পড়ে না। এই মামলায় রাষ্ট্রপক্ষ সুস্পষ্ট ও নিরবচ্ছিন্নভাবে অপরাধ প্রমাণে সফল হয়েছে।”

মামলার রাষ্ট্রপক্ষের আইনজীবী অ্যাডভোকেট সাইদুল রাজ্জাক বলেন, “এই রায়ে সত্য ও ন্যায়বিচারের জয় হয়েছে। আদালত যুক্তি ও প্রমাণের ভিত্তিতে দণ্ড দিয়েছেন।” অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবী অ্যাডভোকেট একেএম নুরুল হাসান রঞ্জ উচ্চ আদালতে আপিল করার কথা জানিয়েছেন। মামলার অভিযোগে যানা যায় ২০১৬ সালের নৃশংস হত্যাকাণ্ড

মামলার অভিযোগে জানা যায়, ২০১৬ সালের জুন মাসে পারিবারিক কলহের জেরে স্ত্রী সাগরিকা খাতুনকে শ্বাসরোধে হত্যা করেন সেন্টু। হত্যার পর তিনি ঘটনাটিকে আত্মহত্যা হিসেবে প্রচার করতে থাকেন। তবে সন্দেহজনক অবস্থায় মরদেহ উদ্ধার ও ময়নাতদন্তে হত্যার প্রমাণ মিললে শুরু হয় আইনি প্রক্রিয়া। ২০১৮ সালের ১৭ জানুয়ারি দণ্ডবিধির ৩০২/২০১ ধারায় সেন্টুর বিরুদ্ধে মামলা গঠন করে আদালত। দীর্ঘ বিচারিক প্রক্রিয়ায় রাষ্ট্রপক্ষ থেকে ১৭ জন সাক্ষীর জবানবন্দিতে সেন্টুর অপরাধ প্রমাণিত হয়।

## আলী রীয়াজ

সংখ্যানুপাতিক ভোট ব্যবস্থা নিয়েও আলোচনা হয়। আলী রীয়াজ জানান, “বেশিরভাগ দল এই ব্যবস্থার পক্ষে মত দিয়েছে। তবে কয়েকটি দল সুস্পষ্ট আপত্তি জানিয়েছে। তাদের বক্তব্য বিবেচনায় রাখা হচ্ছে।

তিনি আরও জানান, সাংবিধানিক কাউন্সিলের পরিবর্তে একটি ‘নিয়োগ কমিটি’ গঠনের প্রস্তাব দেওয়া হয়েছে, যা ছয়টি সংস্থা যেমন নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন (দুদক), পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি), মহাহি-সাব নিরীক্ষক, মানবাধিকার কমিশন ও তথ্য কমিশনের নিয়োগ কার্যক্রম তদারকি করবে।

প্রস্তাবিত নিয়োগ কমিটিতে থাকবেনড়প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পিকার, উচ্চকক্ষ থাকলে তার স্পিকার, বিরোধী দলের নেতা ও প্রতিনিধি, রাষ্ট্রপতির একজন প্রতিনিধি এবং প্রধান বিচারপতির মনোনীত একজন বিচারপতি।

তত্ত্বাবধায়ক সরকারের সময় এই কমিটি বহাল থাকবে কি না, সে বিষয়ে মতভেদ রয়েছে বলেও জানান তিনি। কিছু দল মনে করে, ওই সময় শুধুমাত্র নির্বাচন কমিশনের নিয়োগ তত্ত্বাবধায়ক সরকার করতে পারে, অন্য কোনো নিয়োগ নয়, বলেন আলী রীয়াজ।

রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, আমরা যেন আবার পুরোনো অবস্থায় না ফিরি। দলীয় স্বার্থ নয়, দেশের স্বার্থেই সংস্কারের পথে অগ্রসর হতে হবে।

## মেহেরপুর বিএনপিতে উত্তেজনা

জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু মন্তব্য করেন, ৫ আগস্টের রক্তের বিনিময়ে নতুন বাংলাদেশ গঠিত হয়েছে, যেখানে গণতন্ত্র ও বাক স্বাধীনতা প্রতিষ্ঠিত হয়েছে। বিএনপি জনমুখী দল এবং সাধারণ মানুষ বিএনপিকে ভালোবাসে। দেশনায়ক তারেক রহমানের নির্দেশনায় মেহেরপুরে নতুন কমিটি গঠন করা হয়েছে, যা দলকে প্রাণবন্ত করেছে। আমরা চাই আগামী নির্বাচনে নেতৃত্বের পরিবর্তন হোক এবং একটি শক্তিশালী বাংলাদেশ গড়ে উঠুক।”

মেহেরপুর সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত হোসেন বলেন, মেহেরপুরে পূর্বে বিএনপির যে সভাপতি ছিলেন তার একনায়কতন্ত্রের কারণে যুবদল পিছিয়ে ছিল, কিন্তু বর্তমান নেতৃত্বে যুবদল সুসংগঠিত হয়েছে। আমরা মেহেরপুর ১ আসনে কামরুল হাসানকে দেখতে চাই এবং এর জন্য কাজ করছি। তাঁর নাম কেন্দ্রীয় তালিকায় আসায় আমরা আনন্দিত। কামরুল হাসান একজন সৎ ও নিষ্ঠাবান নেতা।

জেলা যুবদলের সদস্য মেহেদি হাসান রোলেক্স বলেন, “সারা দেশের ১০০ জন তরুণ নেতৃত্বের তালিকায় কামরুল হাসানের নাম উঠে আসা আমাদের জন্য গর্বের। আমরা দেশনায়ক তারেক রহমানের কাছে অনুরোধ করছি, তালিকা নয়ড়তিনি যেন চূড়ান্ত প্রার্থী হিসেবে তাকে মনোনয়ন দেন। তাহলে আমরা মেহেরপুর-১ আসন বিএনপিকে উপহার দিতে পারবো।”

তৃণমূলের একাংশ ভিন্নমত পোষণ করছে। দলের অভ্যন্তরের কিছু প্রভাবশালী নেতা এই মনোনয়ন প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুলেছেন। থানা কৃষকদলের সভাপতি মো. আজিজুল হক স্পষ্টভাবে বলেন, “মাসুদ অরুনের নেতৃত্বেই বিএনপি টিকে আছে। যদি মনোনয়ন অন্য কাউকে দেয়া হয়, তাহলে মেহেরপুর-১ আসনে আমরা হেরে যাবো।” একই ধরনের আশঙ্কা প্রকাশ করেছেন বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সদস্য রফিকুল ইসলাম। তিনি বলেন, “যদি আমার মতো নেতাদের বাদ দিয়ে মনোনয়ন দেয়া হয়, তাহলে দলে ছত্রভঙ্গের আশঙ্কা আছে। সবাই মিলে না চললে দল টিকবে না।”

তালিকাটি প্রকাশ হওয়ার পর থেকেই ফেসবুক, হোয়াটসঅ্যাপ, টেলিগ্রামসহ নানা মাধ্যমে তা ছড়িয়ে পড়ে। অনেকেই “অভিনন্দন কামরুল ভাই” পোস্ট দিয়ে উচ্ছ্বাস প্রকাশ করছেন। অন্যদিকে, বিরোধীপক্ষ মন্তব্য করছে”এটি বিভ্রান্তিমূলক প্রচার, মনোনয়ন এখনো হয়নি।”

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, দলীয় সিদ্ধান্ত আসার আগেই সম্ভাব্য প্রার্থীদের নাম ফাঁস হয়ে গেলে তা সাধারণত দলকে বিভক্ত করে। মেহেরপুরেও তারই প্রতিফলন দেখা যাচ্ছে।

বিএনপির কেন্দ্রীয় নীতিনির্ধারকদের পক্ষ থেকে এখনো এই তালিকা বা প্রার্থিতা বিষয়ে কোনো আনুষ্ঠানিক মন্তব্য আসেনি। তবে যেভাবে মাঠপর্যায়ে প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে, তাতে দলীয় ঐক্য ধরে রাখা কঠিন হয়ে পড়ছে।

মেহেরপুর-১ আসনে সম্ভাব্য প্রার্থী হিসেবে অ্যাডভোকেট কামরুল হাসানের নাম প্রকাশের পর থেকেই বিএনপির অভ্যন্তরে মতবিরোধ প্রকাশ্যে এসেছে। একদিকে তার পক্ষে সমর্থনের ঢল, অন্যদিকে তাকে নিয়ে প্রশ্ন। এখন দেখার বিষয়, বিএনপির কেন্দ্রীয় কমিটি কী সিদ্ধান্ত নেয় এবং সেটি কিভাবে মাঠপর্যায়ে গৃহীত হয়।

## সার্কের বিকল্প নতুন জোট গড়ছে চীন-পাকিস্তান

আঞ্চলিক সংহতি গড়ে তুলতে ইসলামাবাদ ও বেইজিং একটি নতুন জোট গঠনের পরিকল্পনায় একযোগে কাজ করছে। এই জোটকে সার্কের বিকল্প হিসেবে দেখা হচ্ছে।

জানা গেছে, ১৯ জুন চীনের কুনমিং শহরে অনুষ্ঠিত বৈঠকটি এই উদ্যোগের অংশ হিসেবে আয়োজিত হয়। বৈঠকে আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিল নতুন জোট গঠন এবং সার্ক সদস্য দেশগুলোকে এতে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা। এ নিয়ে ভারত উদ্বেগ প্রকাশ করেছে বলে আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো উল্লেখ করেছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, প্রস্তাবিত জোটে ভারতকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হতে পারে। তবে ভারতের আঞ্চলিক নীতি এবং পশ্চিমমুখী কূটনৈতিক অবস্থান এই উদ্যোগে অংশগ্রহণে বাধা হয়ে দাঁড়াতে পারে। অন্যদিকে, শ্রীলঙ্কা, মালদ্বীপ, আফগানিস্তানসহ অন্যান্য দক্ষিণ এশীয় দেশগুলো এই উদ্যোগে যোগ দিতে পারে বলেও ধারণা করা হচ্ছে।

প্রসঙ্গত, ২০১৬ সালে পাকিস্তানের ইসলামাবাদে সার্ক সম্মেলন হওয়ার কথা থাকলেও ভারতের বর্জনের কারণে সেটি অনুষ্ঠিত হয়নি। এরপর থেকে সার্ক কার্যত অচল হয়ে আছে। ফলে বিকল্প আঞ্চলিক ফোরাম গঠনের প্রয়োজনীয়তা বাড়ছে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশ এই উদ্যোগে যুক্ত হওয়ায় কূটনৈতিকভাবে এক নতুন ভারসাম্য রচনার পথে হাঁটছে। তবে এক্ষেত্রে ভারতের প্রতিক্রিয়া ও বাংলাদেশ কীভাবে দুই পক্ষের সঙ্গে সম্পর্কের ভারসাম্য বজায় রাখে, সেটাই ভবিষ্যতে গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

## মেসিকে হারানোর পর জার্সি, বুট

পরে নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে মেসির সঙ্গে একটি ছবি পোস্ট করেন দেম্বেলে। ছবিতে তাঁকে মেসির জার্সি ও বুট হাতে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। ক্যাপশনে দেম্বেলে লেখেন, “তোমার সঙ্গে আবার দেখা হয়ে ভালো লাগছে। লিওনেল মেসি সর্বকালের সেরা। আমি আশা করি, তুমি ইন্টার মায়ামিকে নিয়ে ক্লাব বিশ্বকাপে আরও ইতিহাস গড়বে। শুধু ছবি নয়, ইনস্টাগ্রাম স্টোরিতেও দেম্বেলে পোস্ট করেছেন মেসির দেওয়া সামগ্রী। একটিতে দেখা যায়, একটি জায়গায় পাশাপাশি রাখা মেসির ১০ নম্বর জার্সি, শর্টস ও বুট যা মুহূর্তেই ভাইরাল হয়ে পড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে।

## মেহেরপুরে অস্বাভাবিক মৃত্যু বাড়ছে

পরিচালনা করতে পারেন। তবে বড় বাধা হলো ভুক্তভোগী পরিবারগুলোর মামলা না করতে চাওয়া। এ কারণে অপরাধীরা অনেক সময় পার পেয়ে যায়।”

## সাপের খোলস, ফাটল ধরা দেয়ালড়

উপজেলার ভরাট ও খাসমহল কমিউনিটি ক্লিনিক দুটি রয়েছে চরম ঝুঁকিপূর্ণ অবস্থায়। জঙ্গলে ঘেরা পরিবেশ, দেয়ালে ফাটল, ছাদের চিড়, ছাদ থেকে পড়ছে পানিড়এমনকি মাঝে মাঝে ক্লিনিকের ভেতরেই পাওয়া যাচ্ছে সাপের খোলস!

ভরাট কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি মোছা. শারমিন আক্তার বলেন, “চিকিৎসা দিতে গিয়ে প্রতিদিনই ভয়ে থাকি। কখন কী হয় বলা যায় না। কিন্তু এলাকাবাসীর জন্য কাজ চালিয়ে যাচ্ছি।” প্রতিদিন সেখানে গড়ে ৪০-৪৫ জন রোগী চিকিৎসা নিতে আসেন। খাসমহল ক্লিনিকে দায়িত্বে থাকা সিএইচসিপি মো. সোহেল রানাও জানালেন, “দেয়ালে চিড়, ছাদের প্লাস্টার খসে পড়ে, সীমানাপ্রাচীর নেইড়ভবনটি যে কোনো সময় ধসে পড়তে পারে।” বারবার জানানোর পরও কোনো কার্যকর উদ্যোগ নেই বলে অভিযোগ তার। স্থানীয় বাসিন্দারা বলছেন, “ক্লিনিক চাই, তবে জীবনের নিরাপত্তা নিশ্চিত করে।” পেছনের জানালাগুলো ভাঙা, ছাদে ফাটল, চারপাশে জঙ্গলড়এসব দেখে আতঙ্ক নিয়ে চিকিৎসা নিতে হয় বলে জানালেন রোগীরা। গাংনী উপজেলা স্বাস্থ্য পরিদর্শক মো. আব্দুল হান্নান বলেন, “৩৫টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ভরাট ও খাসমহল বর্তমানে সবচেয়ে ঝুঁকিপূর্ণ। কাজীপুর ক্লিনিক নতুন নির্মিত হলেও এখনও হস্তান্তর হয়নি।” উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সুপ্রভা রানী বলেন, “উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি। বিকল্প ব্যবস্থার বিষয়েও ভাবা হচ্ছে যাতে সেবা ব্যাহত না হয়।”বিশেষজ্ঞরা বলছেন, জনস্বাস্থ্য নিশ্চিত করতে হলে প্রথমেই নিশ্চিত করতে হবে স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা ও কর্মপরিবেশ। এ ধরনের ঝুঁকিপূর্ণ ভবনে নিয়মিত স্বাস্থ্যসেবা অব্যাহত রাখা শুধু দায়িত্বজ্ঞানহীন নয়, এটি প্রাণঘাতী পরিণতির আশঙ্কাও সৃষ্টি করছে।

## সীমান্ত এলাকায় চোরাচালান রোধে

সোমবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন।

সভায় ইউএনও আনোয়ার হোসেন বলেন, “আইন-শৃঙ্খলা রক্ষায় প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী ও জনগণের সম্মিলিত উদ্যোগ অপরিহার্য। সীমান্তবর্তী গাংনী উপজেলায় চোরাচালান রোধে সবাইকে আরও সতর্ক থাকতে হবে।” সভায় গাংনী উপজেলার সামগ্রিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে গঠনমূলক আলোচনা হয়। বক্তারা সীমান্ত এলাকায় বিজিবি ও র‍্যাবের সঙ্গে সমন্বয় করে নিয়মিত অভিযানের ওপর গুরুত্বারোপ করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সু-প্রভাত, গাংনী থানার ওসি বানী ইসরাইল, আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, মেহেরপুর রিপোর্টার্স ক্লাবের অর্থ সম্পাদক রাব্বি আহমেদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, বিজিবি, র‌্যাব ও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা। সভায় বিভিন্ন দপ্তরের প্রতিনিধি নিজ নিজ কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। সভার শেষাংশে সিদ্ধান্ত হয়, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়মিতভাবে মনিটরিং করা হবে এবং কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটলে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে। সভায় অংশগ্রহণকারীরা বলেন, এই সভা এলাকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে প্রশাসনের আন্তরিকতা ও দায়বদ্ধতার প্রতিফলন।

## গাংনীতে প্রতিদিন দুর্ঘটনার আশঙ্কা

স্থানীয় মো. তামিম আহমেদ বলেন, “আমার নিজস্ব বাইক আছে, কিন্তু গ্রামের রাস্তাগুলোতে চালানো দিন দিন ঝুঁকিপূর্ণ হয়ে পড়ছে। খড়, কাঠ, এমনকি গোবর পর্যন্ত থাকে মাঝখানে। হঠাৎ সামনে গাড়ি এলে কোথাও সাইড নেওয়ার সুযোগ থাকে না। এটা কি রাস্তা, না করাতকলের উঠান?” অটোরিকশা চালক লাল্টু মিয়া ‘আজকের সূর্যোদয়’-কে জানান, “প্রতিদিন যাত্রী নিয়ে রাস্তায় বের হই। অথচ কোথাও কাঠের গাদা, কোথাও গোবর। এই সব দেখে ভয় পাই কোন সময় কি হয়! সামনে যদি কেউ থাকে, পেছন থেকে ধাক্কা লাগতে পারে।”

ভ্যানচালক আজমাইন হোসেন একবার দুর্ঘটনার শিকার হয়েছিলেন। তিনি বলেন, “খড় শুকানোর সময় রাস্তায় এত বেশি ছড়িয়ে রাখে, ভ্যান নিয়ে পাশ দিয়ে যাচ্ছিলাম, সাইকেলের সঙ্গে ধাক্কা লেগে পড়ে গিয়েছিলাম। যদি এসব না থাকত, তাহলে কিছুই হতো না।”

সাধারণ মানুষ বলছে, রাস্তাঘাট হচ্ছে রাষ্ট্রীয় সম্পদ, যা সকলের জন্য। কিন্তু যখন কেউ নিজের করাতকলের কাঠ, খড় বা গৃহস্থালির জিনিস রাস্তায় রেখে দেয়, তখন তা সকলের জন্য বিপদ ডেকে আনে।

একাধিক জায়গায় দেখা গেছে, দিনের পর দিন কাঠ পড়ে আছে রাস্তার পাশে বা মাঝখানে। এমনকি কোনো কোনো ক্ষেত্রে খড় শুকানো হচ্ছে পুরো পিচঢালা রাস্তা জুড়ে। এতে শিশু, বৃদ্ধ, নারী পথচারী ক্ষতিগ্রস্ত হচ্ছেন। স্থানীয় এক জন প্রতিনিধি জানান, “কয়েকবার বলার পরেও কিছু অসচেতন ব্যক্তি নিজেদের কাজটা বড় করে দেখে। তারা ভাবে, খড় শুকানো বা কাঠ রাখার জন্য জায়গা খুঁজে বের করার ঝামেলা নেই রাস্তা তো ফাঁকা! অথচ এতে পুরো জনগোষ্ঠী ভোগান্তিতে পড়ে। এখন জরিমানা বা আইন প্রয়োগ ছাড়া আর উপায় নেই।” গাংনী ইউএনও মো. আনোয়ার হোসেন ‘আজকের সূর্যোদয়’-কে বলেন, “রাস্তায় কাঠ, খড়, ভাঙারি, গোবর বা যে কোনো সামগ্রী ফেলে রাখা আইনত দণ্ডনীয় অপরাধ। আমরা ইতোমধ্যে কয়েকটি অভিযোগ পেয়েছি এবং সরেজমিন পরিদর্শনের প্রস্তুতি নিচ্ছি। যেসব স্থানে এমন অনিয়ম হচ্ছে, সেখানে দ্রুত অভিযান চালানো হবে। দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।” তিনি আরও জানান, “প্রয়োজনে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হবে। সাধারণ মানুষের চলাচলের অধিকার কেউ নষ্ট করতে পারে না।”

## ১৩ বছরের কাসাবের রকেট জয়

শিক্ষক আবদুর রশিদ বলেন, “আমরা অত্যন্ত গর্বিত কাসাবের মতো একজন ছাত্র আমাদের বিদ্যালয়ে পড়ে। তার উদ্ভাবন প্রমাণ করে, প্রতিভা সুযোগ পেলে যেকোনো সীমাবদ্ধতা জয় করতে পারে।”

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, “এই বয়সে এমন মেধাবী উদ্ভাবন সত্যিই গর্বের। আমরা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সহায়তা দেব এবং তাকে জাতীয় পর্যায়ে তুলে ধরার পদক্ষেপ নেব। আল কাসাবের প্রতিভা নিয়ে স্থানীয় জনগণের মাঝেও তৈরি হয়েছে প্রবল আশাবাদ। গ্রামের বাসিন্দা আব্দুর রহিম বলেন, “আমাদের গ্রামের ছেলেটা একদিন দেশের গর্ব হবে আমরা নিশ্চিত।”

তার উদ্ভাবন শুধু বিদ্যালয় বা উপজেলা নয়, গোটা মেহেরপুর জেলায় প্রযুক্তি নিয়ে কাজ করতে আগ্রহী তরুণদের অনুপ্রেরণা হয়ে উঠেছে। অনেকেই এখন সাহেবনগরে এসে তার যন্ত্র দেখে অনুপ্রাণিত হচ্ছে।

অর্থনৈতিক ও প্রযুক্তিগত সীমাবদ্ধতা সত্ত্বেও আল কাসাব প্রমাণ করেছে যে, সৃষ্টিশীলতা এবং অধ্যবসায় থাকলে প্রতিভা কোনো গণ্ডির মাঝে আটকে থাকে না। তার উদ্ভাবন শুধু বিজ্ঞান মেলার সাফল্য নয়, বরং গোটা জাতির কাছে প্রযুক্তিনির্ভর ভবিষ্যতের এক আশার প্রতীক।

আজকের আল কাসাব কেবল গাংনীর গর্ব নয় সঠিক সহায়তা ও দিকনির্দেশনা পেলে একদিন সে হয়ে উঠতে পারে বাংলাদেশের প্রযুক্তি বিপ্লবের অগ্রনায়ক।

## ঝিনাইদহে অবৈধ অনুপ্রবেশের দায়ে

বাংলাদেশে অবৈধভাবে প্রবেশ করেন। পরে যশোরের ঝিকরগাছা থানার গদখালী গ্রামের খালার বাড়িতে বসবাস করছিলেন। গত ২৫ এপ্রিল অবৈধভাবে ভারতে প্রবেশের চেষ্টাকালে কুমিল্লাপাড়া বিওপি’র বিজিবি সদস্যদের হাতে আটক হন। ওই ঘটনায় তাকে মহেশপুর থানায় সোপর্দ করে মামলা দায়ের করা হয়। মামলায় ৫০ দিন কারাভোগের পর মুক্তি পেয়ে, গত রোববার দ্বিতীয়বার অবৈধ সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের চেষ্টা করছিলেন, তখন তাকে পুনরায় আটক করে মহেশপুর থানায় সোপর্দ করে বিজিবি।

মহেশপুর থানার ওসি সাইফুল ইসলাম জানান, আটক ভারতীয় নারীকে আদালতে সোপর্দ করা হবে এবং মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

## প্লান্টার ফাসাইটিস কী

ঝুঁকি বাড়ায়।

রোগ নির্ণয় :

উপসর্গের মাধ্যমে চিকিৎসক সাধারণত এটি নির্ণয় করেন। তবে কারণ অনুসন্ধানে এক্সরে সহ কিছু পরীক্ষা করা হয়।

চিকিৎসা :

১. ব্যথা কমানোর জন ব্যাথা নাশক ঔষধ।
২. গোড়ালির উপর চাপ কমাতে কিছু নিয়ম কানুন মেনে চলতে হবে।
৩. খালি পায়ে হাটা পরিহার করতে হবে।
৪. উচু হিল এবং শক্ত সোল এর জুতা ব্যবহার পরিহার করতে হবে।
৫. নরম সোল এর জুতা ব্যবহার করতে হবে।
৬. ওজন কমাতে হবে।
৭. পায়ের পাতায় গরম শেক বা অনেক ক্ষেত্রে গোড়ালির নিচে দিনে দুই-তিন বার আইসপ্যাক ব্যবহার করতে পারেন।
৮. ডিপ ফ্রিজে রাখা পানির বোতল পায়ের নিচে বরাবর রোল করতে পারেন।
৯. বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নিতে হবে ।

## মুজিবনগরে করোনা পরীক্ষার কিট

করা যাবে না। শহরে গিয়ে পরীক্ষা করানোর সামর্থ্য আমাদের নেই। এখন কী করব?”

একই রকম অভিজ্ঞতার কথা বলেন মুজিবনগর সদরের গর্ভবতী নারী রাবেয়া খাতুন (৩৫)। তিনি জানান, “আমার জ্বর, মাথাব্যথা, সর্দিড়ধষষ উপসর্গ আছে। ডাক্তার বলেছেন করোনা হতে পারে, কিন্তু কিট নেই। একজন মা যদি নিজের ও সন্তানের জন্য নিশ্চিত না হতে পারে, তাহলে সে কোথায় যাবে?” হাসপাতালের নার্স রোকেয়া বেগম জানান, “রোগীরা আমাদের ওপর রাগ করেন, অথচ আমাদের হাতেও কিছু নেই। নিজেরাও ঝুঁকিতে আছিড়কারও করোনা আছে কি না, তা না জেনেই প্রতিদিন সামনে দাঁড়িয়ে কাজ করতে হয়।” উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আসাদুজ্জামান বলেন, “বর্তমানে আমাদের হাতে একটিও কিট নেই। বিষয়টি জেলা স্বাস্থ্য বিভাগকে জানানো হয়েছে, তাঁরা কিট পাঠানোর আশ্বাস দিয়েছেন।” জেলা সিভিল সার্জন ডা. এ.কে.এম. আবু সাইদ জানান, “জেলা ও উপজেলা পর্যায়ে কিছুটা কিট সংকট দেখা দিয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। খুব শিগগিরই সংকট কেটে যাবে বলে আমরা আশাবাদী।”

স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, করোনা পরীক্ষা ছাড়া প্রাথমিক চিকিৎসার ওপর নির্ভরশীল থাকা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এই সংকট দ্রুত সমাধান না হলে এলাকায় নতুন করে সংক্রমণের বিস্তার ঘটতে পারে।

## একটি নিঃসঙ্গ মৃত্যুপ্রহর ও দলহীন

শুধু অন্যায় নয়, এটা দলীয় ইতিহাসের কলঙ্ক।

চার বছর ধরে রাজশাহী মেডিকেলে চিকিৎসা নিতে নিতে নিঃস্ব হয়ে গেছে পরিবার। গৃহস্থালি বিক্রি করে, ধারদেনা করে চলে চিকিৎসা। এখন তাঁরা ভিক্ষা চান না, চান না অনুদান। শুধুই চেয়েছেন একটু মমতা, একটিবার পাশে বসে কারো বলার মতোড়“ভাই, আমরা আছি”।

আজ আমাদের কাছে প্রশ্ন একটাই রাজনীতি কি কেবল নির্বাচনের মাঠে? না কি এই নিবেদিত প্রাণ মানুষগুলোই সত্যিকারের ভিত্তি? আর, যদি সোনা সরদারের মতো মানুষগুলোই একসময় উপেক্ষিত হন, তবে ভবিষ্যৎ প্রজন্ম কি আর আদর্শের রাজনীতি বেছে নেবে?

## মহেশপুরে প্লাস্টিকের বস্তায় চাল

বাজারজাতকরণে প্লাস্টিকের বস্তার ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কিন্তু হেলাল এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ সরকারি নির্দেশনা উপেক্ষা করে নিয়মবহির্ভূতভাবে প্লাস্টিকের বস্তায় চাল বাজারজাত করছিল। এ কারণে সতর্কতামূলকভাবে প্রতিষ্ঠানটিকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।”

তিনি আরও জানান, ভবিষ্যতে এ ধরনের অনিয়মের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। জনস্বার্থে নিয়মিতভাবে এমন অভিযান চলবে।

অভিযানে উপজেলা পাট কর্মকর্তা মিঠুন বিশ্বাস, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা রুবেল খান, মহেশপুর থানার পুলিশ সদস্য ও আনসার বাহি-নীর একটি দল অংশ নেয়।

## আজ ব্যাংকে লেনদেন বন্ধ থাকবে

অর্ডার, মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে আন্তঃব্যাংক লেনদেন কিংবা এটিএম থেকে নগদ উত্তোলনসহ সব ধরনের গ্রাহকসেবা বন্ধ থাকবে। তবে মঙ্গলবার বাছাই করা কিছু বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যালয় ও গুরুত্বপূর্ণ শাখাগুলো খোলা থাকবে, শুধুমাত্র অভ্যন্তরীণ হিসাবরক্ষণ ও প্রশাসনিক কাজের জন্য।

ব্যাংকের পাশাপাশি পুঁজিবাজারও বন্ধ থাকবে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই)-এর লেনদেনও এদিন বন্ধ থাকবে, কারণ দেশের শেয়ারবাজারের অধিকাংশ লেনদেনই ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে হয়ে থাকে। ব্যাংক বন্ধ থাকায় স্বাভাবিকভাবেই শেয়ারবাজারেও লেনদেন সম্ভব হবে না।